



কম্পিউটিং বেজড লার্নিং ম্যাটেরিয়ালস (সিবিএলএম)

কম্পিউটার অপারেশন

লেভেল - ০৩

মডিউল শিরোনামঃ প্রেজেন্টেশন প্রস্তুত করা (Module: Preparing a Presentation)



জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ
প্রধানমন্ত্রীর কার্যালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সক্ষমতাভিত্তিক শিখন উপকরণ ব্যবহার নির্দেশিকা

এই মডিউলে প্রশিক্ষণ উপকরণ ও প্রশিক্ষণ কার্যক্রম সম্পর্কে বলা হয়েছে। এই কার্যক্রমগুলো প্রশিক্ষনার্থীকে সম্পন্ন করতে হবে। কম্পিউটার অপারেশন, লেবেল ও অকুপেশনের অন্যতম ইউনিট হচ্ছে - প্রেজেন্টেশন প্রস্তুত করা। এই মডিউল সফলভাবে শেষ করলে আপনি বিদ্যমান শিখন উপকরণ এবং প্রাসঙ্গিক রিসোর্সসমূহ বিশ্লেষণ, বিদ্যমান রিসোর্সসমূহকে কাজে লাগানো, নতুন রিসোর্স ও শিখন উপকরণ তৈরি করা এবং শিখন উপকরণগুলি রিভিউ করতে পারবেন। একজন দক্ষ ট্রেনারের জন্য প্রয়োজনীয় জ্ঞান ও ইতিবাচক মনোভাব প্রয়োজন তা এই মডিউলে অন্তর্ভুক্ত রয়েছে।

এই মডিউলে বর্ণিত শিখনফল অর্জনের জন্য আপনাকে ধারাবাহিকভাবে শিক্ষা কার্যক্রম সম্পন্ন করতে হবে। এইসব কার্যক্রম একটি নির্দিষ্ট শ্রেণীকক্ষে বা অন্যত্র সম্পন্ন করা যেতে পারে। বর্ণিত শিখনফল তথা জ্ঞান ও দক্ষতা অর্জনের জন্য এসব কার্যক্রমের পাশাপাশি সংশ্লিষ্ট অনুশীলন ও সম্পন্ন করতে হবে।

শিখন কার্যক্রমের ধারা জানার জন্য "শিখন কার্যক্রম" অংশটি অনুসরণ করুন। ধারাবাহিকভাবে জানার জন্য সূচিপত্রে, তথ্যপত্র, কার্যক্রম পত্র, শিখন কার্যক্রম, শিখনফল এবং উত্তরপত্রে পৃষ্ঠা নম্বর ব্যবহার করা হয়েছে। নির্দিষ্ট পাঠের সাথে সঠিক সহায়ক উপাদান সম্পর্কে জানার জন্যে শিখন কার্যক্রম অংশটি দেখতে হবে। এই শিখন কার্যক্রম অংশ আপনার সক্ষমতা অর্জন অনুশীলনের রোডম্যাপ হিসাবে কাজ করে।

তথ্যপত্রটি পড়ুন। এতে কার্যক্রম সম্পর্কে প্রয়োজনীয় জ্ঞান এবং সুনির্দিষ্টভাবে কাজ করার জ্ঞান নির্দেশনা পাওয়া যাবে। 'তথ্যপত্রটি' পড়া শেষ করে 'সেলফ চেক শীট' এ উল্লিখিত প্রশ্নগুলোর উত্তর প্রদান করুন। শিখন গাইডের তথ্যপত্রটি অনুসরণ করে 'সেলফ চেক শীট' সমাপ্ত করুন। 'সেলফ চেক' শীটে দেয়া প্রশ্নগুলোর উত্তর সঠিক হয়েছে কি না তা জানার জন্য 'উত্তর পত্র' দেখুন। জব শীটে নির্দেশিত ধাপ অনুসরণ করে যাবতীয় কার্য সম্পাদন করুন। এখানেই আপনি নতুন সক্ষমতা অর্জনের পথে আপনার নতুন জ্ঞান কাজে লাগাতে পারবেন। এই মডিউল অনুযায়ী কাজ করার সময় নিরাপত্তা বিষয়টি সম্পর্কে সচেতন থাকবেন। কোনো প্রশ্ন থাকলে ফ্যাসিলিটেটরকে প্রশ্ন করতে সংকোচ করবেন না।

এই শিখন গাইডে নির্দেশিত সকল কাজ শেষ করার পর অর্জিত সক্ষমতা মূল্যায়ন করে নিশ্চিত হবেন যে, আপনি পরবর্তী মূল্যায়নের জন্য কতটুকু উপযুক্ত। প্রয়োজনীয় সব সক্ষমতা অর্জন হয়েছে কিনা তা জানার জন্য মডিউলের শেষে সক্ষমতা মানের একটি চেকলিস্ট দেওয়া হয়েছে। এই তথ্যটি কেবলমাত্র আপনার নিজের জন্য।

...। ২০২৩ তারিখে অনুষ্ঠিত ... কার্যনির্বাহী কমিটির সভায় অনুমোদিত।

উপ-পরিচালক (প্রশাসন)
এবং কার্যনির্বাহী কমিটির সভায় সাচিবিক দায়িত্ব পালনকারী কর্মকর্তা
জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ।

সূচিপত্র

সক্ষমতাভিত্তিক শিখন উপকরণ ব্যবহার নির্দেশিকা.....	i
মডিউলের নাম: প্রজেক্টেশন প্রস্তুত করা।	1
শিখনফল - ১ (Learning Outcome): কাজের জন্য প্রস্তুতি গ্রহণ করতে পারবে।	3
ইনফরমেশন শিট: ১.১	5
সেলফ চেক শিট -১.১.....	12
উত্তরপত্র-১.১	13
শিখনফল-২ (Learning Outcome): প্রজেক্টেশন প্রস্তুত করতে পারবে.....	14
ইনফরমেশন শিট: ২.১	17
সেলফ চেক শিট – ২.১.....	50
উত্তরপত্র- ২.১	51
জব শীট ২.১	52
স্পেসিফিকেশন শীটঃ ২.১	53
শিখনফল - ৩ (Learning Outcome): প্রজেক্টেশন সু-সজ্জিত করতে পারবে	54
ইনফরমেশন শিট: ৩.১.....	56
উত্তরপত্র-৩.১.....	67
জব শীট ৩.১.....	68
স্পেসিফিকেশন শীটঃ ৩.১.....	69
শিখনফল-৪ (Learning Outcome): স্লাইড মাস্টার প্রয়োগ করতে পারবে.....	70
ইনফরমেশন শিট: ৪.১.....	72
সেলফ চেক শিট – ৪.১.....	77
উত্তরপত্র- ৪.১	78
জব শীট ৪.১	79
স্পেসিফিকেশন শীটঃ ৪.১.....	80
শিখনফল-৫ (Learning Outcome): প্রজেক্টেশন প্রিন্ট ও ট্রান্সফার করতে পারবে.....	81
ইনফরমেশন শিট: ৫.১	84
সেলফ চেক শিট – ৬.১	90
উত্তরপত্র- ৬.১.....	91
দক্ষতা পর্যালোচনা	93

মডিউলের বিষয়বস্তু

মডিউলের নাম: প্রেজেন্টেশন প্রস্তুত করা।

(Preparing a Presentation)

মডিউলের বর্ণনা: প্রেজেন্টেশন প্রস্তুত করার জন্য প্রয়োজনীয় জ্ঞান, দক্ষতা ও আচরণ (কেএসএ) সম্পর্কিত কাজগুলো এই মডিউল-এ অন্তর্ভুক্ত করা হয়েছে। এতে কাজের জন্য প্রস্তুত হওয়া, স্প্রেডশীট তৈরি করা, ফর্মুলা ও ফাংশন ব্যবহার করা, ডাটা ম্যানিপুলেশন ও প্রেজেন্টেশন সম্পন্ন করা, ওয়ার্কবুক রিভিউ ও প্রটেক্ট করা এবং ডকুমেন্ট প্রিন্ট ও ট্রান্সফার করার জন্য প্রয়োজনীয় জ্ঞান ও দক্ষতাসমূহ অন্তর্ভুক্ত করা হয়েছে।

নমিনাল সময় (Nominal Hour): ৯০ ঘণ্টা

শিখনফল:

মডিউলটি সফলভাবে শেষ করার পর প্রশিক্ষার্থীরা নিম্নবর্ণিত কাজগুলো করতে সমর্থ হবে:

১. কাজের জন্য প্রস্তুতি গ্রহণ করতে পারবে
২. প্রেজেন্টেশন প্রস্তুত করতে পারবে
৩. প্রেজেন্টেশন সু-সজ্জিত করতে পারবে
৪. স্লাইড মাস্টার প্রয়োগ করতে পারবে
৫. প্রেজেন্টেশন প্রিন্ট ও ট্রান্সফার করতে পারবে

অ্যাসেসমেন্ট মানদণ্ড:

১. কর্মক্ষেত্রের পদ্ধতি অনুসারে নিরাপদ কর্ম অনুশীলন অনুসরণ করতে সক্ষম হয়েছে
২. প্রয়োজনীয় সফটওয়্যার চেক এবং কাজের প্রয়োজন অনুযায়ী কার্যকারিতা নিশ্চিত করতে সক্ষম হয়েছে
৩. প্রেজেন্টেশন প্রস্তুত করার জন্য প্রেজেন্টেশনের ধরন চিহ্নিত করতে সক্ষম হয়েছে
৪. প্রয়োজন অনুযায়ী ব্লাঙ্ক/ লাইব্রেরী থেকে প্রেজেন্টেশন তৈরি করতে সক্ষম হয়েছে
৫. প্রেজেন্টেশন ইন্টারফেসের কনটেন্ট চিহ্নিত করতে সক্ষম হয়েছে
৬. প্রয়োজন অনুযায়ী স্লাইড সাইজ নির্বাচিত করতে সক্ষম হয়েছে
৭. প্রয়োজন অনুযায়ী নির্দিষ্ট লে-আউটে স্লাইড ইনসার্ট করতে সক্ষম হয়েছে
৮. প্রেজেন্টেশন অনুযায়ী কনটেন্ট ইনসার্ট করতে সক্ষম হয়েছে
৯. নির্দেশনা অনুযায়ী উপযুক্ত ফাইল ফরম্যাটে নির্দিষ্ট লোকেশনে প্রেজেন্টেশন সেভ করতে সক্ষম হয়েছে
১০. প্রেজেন্টেশন ভিউসহ স্লাইডগুলো চেক করতে সক্ষম হয়েছে
১১. স্লাইড ব্যাকগ্রাউন্ড কাস্টমাইজেশন করতে সক্ষম হয়েছে
১২. অ্যানিমেশন প্রয়োগ করতে সক্ষম হয়েছে
১৩. ট্রানজিশন প্রয়োগ করতে সক্ষম হয়েছে
১৪. প্রেজেন্টেশন চেক/ রিভিউ করতে সক্ষম হয়েছে
১৫. স্লাইড মাস্টার থেকে স্লাইড লে-আউট নির্বাচন করতে সক্ষম হয়েছে
১৬. প্রয়োজন অনুযায়ী স্লাইড লে-আউট কাস্টমাইজ করতে সক্ষম হয়েছে
১৭. প্রয়োজন অনুযায়ী স্লাইড মাস্টার অপশন প্রয়োগ করতে সক্ষম হয়েছে
১৮. মাস্টার ভিউ ক্লোজ করতে সক্ষম হয়েছে
১৯. প্রিন্টার সেটিংস নিশ্চিত এবং প্রিন্টার নির্বাচন করতে সক্ষম হয়েছে
২০. প্রেজেন্টেশন স্লাইড প্রিন্ট করতে সক্ষম হয়েছে

২১. স্টোরেজ মিডিয়া ব্যবহার করে ডকুমেন্ট ট্রান্সফার করতে সক্ষম হয়েছে
২২. প্রেজেন্টেশন এর জন্য উপযুক্ত প্রিন্ট ফরম্যাট নির্বাচন করতে সক্ষম হয়েছে
২৩. প্রত্যাশিত ফরম্যাট অনুযায়ী প্রেজেন্টেশন এক্সপোর্ট করতে সক্ষম হয়েছে

শিখনফল - ১ (Learning Outcome): কাজের জন্য প্রস্তুতি গ্রহণ করতে পারবে।

বিষয়বস্তু (Content):

১. কর্মক্ষেত্রে কাজের পদ্ধতি
২. প্রয়োজনীয় সফটওয়্যার
 - মাইক্রোসফট পাওয়ারপয়েন্ট
 - লিরা অফিস ইমপ্রেস
 - প্রাইজি
 - গুগল স্লাইড
 - Keynote (ম্যাকওএস)
৩. বিভিন্ন ধরনের প্রেজেন্টেশন
 - বিজনেস প্রেজেন্টেশন
 - পার্সোনাল পোর্টফলিও
 - ইনফোগ্রাফিক রিজিউমি
 - এডুকেশন ম্যাটেরিয়ালস

মূল্যায়ন মানদণ্ড (Assessment Criteria):

১. কর্মক্ষেত্রের পদ্ধতি অনুসারে নিরাপদ কর্ম অনুশীলন অনুসরণ করতে সক্ষম হয়েছে
২. প্রয়োজনীয় সফটওয়্যার চেক এবং কাজের প্রয়োজন অনুযায়ী কার্যকারিতা নিশ্চিত করতে সক্ষম হয়েছে
৩. প্রেজেন্টেশন প্রস্তুত করার জন্য প্রেজেন্টেশনের ধরণ চিহ্নিত করতে সক্ষম হয়েছে

শর্তাবলী (Conditions):

কাজের সময় শিক্ষার্থীকে অবশ্যই নিম্নোক্ত বিষয়গুলোর ব্যবস্থা করতে হবে:

১. প্রকৃত কর্মক্ষেত্র অথবা প্রশিক্ষণ পরিবেশ
২. পিপিই, সরঞ্জাম ও উপকরণ
৩. যন্ত্রপাতি

শিক্ষা উপকরণ (Learning Materials):

১. বই, ম্যানুয়াল
২. মডিউল / রেফারেন্স
৩. সিবিএলএম
৪. হ্যান্ডআউটস
৫. ল্যাপটপ
৬. মাল্টিমিডিয়া প্রোজেক্টর
৭. হোয়াইট বোর্ড ও মার্কার
৮. ইন্টারনেট ফ্যাসিলিটিস
৯. কাগজ
১০. কলম

শিখন কার্যক্রম (Learning Activity)

এই শিখনফল অর্জনের লক্ষ্যে শিখনফলে অন্তর্ভুক্ত বিষয় বস্তু এবং কর্মক্ষমতা মানদণ্ড অর্জনের জন্য নিম্নবর্ণিত কার্যক্রমগুলো পর্যায়ক্রমে সম্পাদন করতে হবে কার্যক্রমগুলোর জন্য পাশ্বে বর্ণিত রিসোর্স সমূহ ব্যবহার করতে হবে।

লার্নিং এক্টিভিটিস (Learning Activities) (শিখন কার্যক্রম)	Resources / Special instructions (রিসোর্স / বিশেষ নির্দেশ)
<ul style="list-style-type: none">এই মডিউলটির ব্যবহার নির্দেশিকা অনুসরণ করতে হবে	<ul style="list-style-type: none">নির্দেশিকা পড়তে হবে।
<ul style="list-style-type: none">ইনফর্মেশন শীট পড়তে হবে	<ul style="list-style-type: none">ইনফর্মেশন শীট ১.১
<ul style="list-style-type: none">সেলফ চেক শীটে প্রদেয় প্রশ্নগুলোর উত্তর প্রদান করতে হবে এবং প্রদত্ত উত্তর পত্রের সাথে উত্তর মিলিয়ে নিশ্চিত হতে হবে	<ul style="list-style-type: none">সেলফ চেক ১.১ এবং উত্তরপত্র ১.১

ইনফরমেশন শিট: ১.১

কাজের জন্য প্রস্তুত হওয়া

লার্নিং অবজেক্টিভস (শিক্ষণ উদ্দেশ্য): এই ইনফরমেশন শীট পড়ে শিক্ষার্থীগণ-

১. কর্মক্ষেত্রের পদ্ধতি অনুসারে নিরাপদ কর্ম অনুশীলন অনুসরণ করতে পারবে
২. প্রয়োজনীয় সফটওয়্যার চেক এবং কাজের প্রয়োজন অনুযায়ী কার্যকারিতা নিশ্চিত করতে পারবে
৩. প্রেজেন্টেশন প্রস্তুত করার জন্য প্রেজেন্টেশনের ধরন চিহ্নিত করতে পারবে।

১. নিরাপদ কাজের অনুশীলন

কর্মক্ষেত্রে দুর্ঘটনা এবং আঘাত প্রতিরোধে নিরাপদ কাজের অনুশীলন গুরুত্বপূর্ণ। কর্মক্ষেত্রের পদ্ধতিগুলি নিরাপদ কাজের অনুশীলনের রূপরেখার জন্য ডিজাইন করা হয়েছে যা কর্মীদের একটি নিরাপদ এবং স্বাস্থ্যকর কাজের পরিবেশ নিশ্চিত করতে অনুসরণ করতে হবে। কর্মক্ষেত্রের পদ্ধতি অনুসারে নিরাপদ কাজের অনুশীলনের কিছু উদাহরণ এখানে দেওয়া হল:

১.১. ব্যক্তিগত সুরক্ষামূলক সরঞ্জাম (PPE) ব্যবহার করাঃ

কর্মীদেরকে কর্মক্ষেত্রে ব্যবহৃত PPE যেমন নিরাপত্তা চশমা, গ্লাভস, এন্টি-স্ট্যাটিক ম্যাট, এন্টি-স্ট্যাটিক রিস্ট বেল্ট এবং রাবার-সু ইত্যাদি কাজের ধরণ অনুযায়ী ব্যবহার করার প্রয়োজন হতে পারে। কর্মীদেরকে দুর্ঘটনার হাত থেকে রক্ষা করতে এবং কর্মক্ষেত্রে নিরাপত্তা বিধি মেনে চলার জন্য PPE ব্যবহার গুরুত্বপূর্ণ।

১.২. আর্গোনোমিক নির্দেশিকা অনুসরণ করাঃ

কর্মক্ষেত্রে আর্গোনোমিক ওয়ার্কস্টেশনের জন্য নির্দেশিকা মেনে চলতে হবে, যেমন চেয়ার এবং ডেস্কের উচ্চতা সামঞ্জস্য করা, এবং পুনরাবৃত্তিমূলক কাজ করার ক্ষেত্রে ক্ষতি এড়াতে ঘন ঘন বিরতি নেওয়া।

১.৩. বিপজ্জনক ইকুইপমেন্ট ও ম্যাটেরিয়ালস নিরাপদে পরিচালনা করাঃ

কর্মীদেরকে বিপজ্জনক ইকুইপমেন্ট ও ম্যাটেরিয়ালস নিরাপদে পরিচালনা এবং সংরক্ষণের বিষয়ে প্রশিক্ষণ নিতে হবে। এর মধ্যে কম্পিউটার, প্রিন্টার, স্ক্যানার ইত্যাদি ডিভাইসসমূহের পাওয়ার সোর্স ব্যবহারে সতর্ক থাকা।

১.৪. বৈদ্যুতিক সুরক্ষা পদ্ধতি অনুসরণ করা:


কর্মীদের বৈদ্যুতিক সরঞ্জামগুলির নিরাপদ ব্যবহার সম্পর্কে প্রশিক্ষণ নিতে হবে, গ্রাউন্ডেড আউটলেট ব্যবহার করা এবং বৈদ্যুতিক সরঞ্জামগুলির সাথে কাজ করার সময় লকআউট/ট্যাগআউট পদ্ধতি অনুসরণ করা। কেবল কানেকশন যথাযথভাবে সংযোগ দেওয়া, নির্ধারিত বিপজ্জনক স্থান থেকে সতর্ক থাকা।

১.৫. কোন অনিরাপদ অবস্থা বা ঘটনা রিপোর্ট করা:

কর্মীদের তাদের সুপারভাইজার বা নিরাপত্তা অফিসারের কাছে কোন অনিরাপদ অবস্থা বা ঘটনা রিপোর্ট করতে উৎসাহিত করা। এটি ভবিষ্যতে দুর্ঘটনা প্রতিরোধ করতে সাহায্য করতে পারে।

১.৬. আর্গোনোমিক রিকয়ারমেন্ট

আর্গোনোমিকস (ergonomics) হচ্ছে কাজের পরিবেশ এবং কাজে ব্যবহৃত বস্তুসমূহের গঠন এবং সেই সাথে ব্যবহারকারীর অঙ্গভঙ্গি (gesture) বিবেচনা করে কর্মক্ষেত্রে কাজ করা। কর্মক্ষেত্রে যেন শরীরের ক্ষতির কারণ না হয় তার জন্য কি করা দরকার এবং কিভাবে কাজ করা দরকার সে সম্পর্কে এখানে বর্ণনা থাকে। যেমন ওয়েল্ডিং এর কাজ যিনি করেন তার যেকোন সময়ে আগুনের স্ফুলিং দ্বারা চোখ বা শরীরের ক্ষতি হতে পারে, কিন্তু ক্ষতি যেন না হয় তার জন্য কি কি পদক্ষেপ নিবেন তার সবিশেষ বর্ণনা আর্গোনোমিকস থেকে পাবেন। অনুরূপভাবে কম্পিউটারে বসে দীর্ঘক্ষণ কাজ করার সময় ভাল আর্গোনোমিকস মেনে চলতে হয়। এরূপ প্রতিটি কর্মেরই সুনির্দিষ্ট আর্গোনোমিকস আছে।



কম্পিউটার এ কাজ করার সময় অবশ্যই নিচের বিষয়গুলো বিবেচনা করতে হবেঃ

- কীবোর্ডে কাজ করার সময় সঠিক Body Posture বজায় রাখতে হবে। পিঠের স্বাস্থ্য ঝুঁকি থেকে রক্ষা পাবার জন্য একটি ব্যাক সাইড সাপোর্টেড চেয়ার ব্যবহার করতে হবে। খেয়াল রাখতে হবে ব্যাকবোন যেন সোজা থাকে।
- খেয়াল রাখতে হবে পায়ের পাতা যেন মেঝেতে সমান্তরালে থাকে।
- ঘাড় বাকানো বা ঘোরানো অবস্থায় দীর্ঘক্ষণ কাজ করা থেকে বিরত থাকতে হবে।
- ঘাড় সোজা রাখতে হবে, কোমরে বা পেছনে সাপোর্ট থাকবে, বসার স্থান আরামদায়ক হতে হবে, চেয়ারের উচ্চতা ঠিক রাখার জন্য সুবিধাজনক এডজাস্টেবল স্ক্রু থাকতে হবে।
- মাউস ও কি-বোর্ড টেবিলের মাঝামাঝি থাকবে যাতে কনুই ও হাত টেবিলের ওপর সাপোর্ট থাকে।
- কাজের ফাঁকে মাঝে মধ্যে বিরতি নিতে হবে।
- কম্পিউটারের মনিটর ও চোখের দূরত্বের অসামঞ্জস্যের জন্য মাথাব্যথা, চোখব্যথা, চোখে ঝাপসা দেখা, পানি পড়া ইত্যাদি সমস্যাও তৈরি হতে পারে। এজন্য মনিটরকে চোখের সমান্তরালে রাখতে হবে।

২. প্রয়োজনীয় সফটওয়্যারসমূহ

২.১ প্রেজেন্টেশন সফটওয়্যার


প্রেজেন্টেশন সফটওয়্যার একটি কম্পিউটার অ্যাপ্লিকেশন সফটওয়্যার যা ভিজুয়াল প্রেজেন্টেশন তৈরি, সম্পাদনা এবং সরবরাহ করার জন্য ডিজাইন করা হয়েছে। এই সফটওয়্যার প্রোগ্রামগুলো, যেমন মাইক্রোসফট পাওয়ারপয়েন্ট, গুগল স্লাইডস বা অ্যাপল কীনোট ব্যবহারকারীদের কার্যকরভাবে তথ্য সংগঠিত এবং প্রেজেন্ট করার জন্য একটি প্ল্যাটফর্ম প্রদান করে।

নিচে প্রেজেন্টেশন সফটওয়্যারের কিছু কাজ বর্ণনা করা হলোঃ

- প্রেজেন্টেশন সফটওয়্যার ব্যবহারকারীদের একটি ভিজুয়াল ফরম্যাটে ডেটা ব্যাখ্যা করতে এবং উপস্থাপন সাহায্য করে। সংখ্যাসূচক বা পরিসংখ্যানগত তথ্য উপস্থাপন করার জন্য চার্ট, গ্রাফ এবং ইনফোগ্রাফিক্স ব্যবহার করা যায়, যাতে ক্লায়েন্টের কাছে ডেটা উপস্থাপন এবং ব্যাখ্যা করা সহজ হয়।
- প্রেজেন্টেশন সফটওয়্যারের মাধ্যমে ব্যবহারকারীরা টেক্সট, ইমেজ এবং মাল্টিমিডিয়া এলিমেন্ট ব্যবহার করে জটিল বিষয়গুলি ব্যাখ্যা করতে পারে।
- প্রেজেন্টেশন সফটওয়্যারের মাধ্যমে ব্যবহারকারীরা একটি ন্যারেটিভ বা স্টোরি কার্যকরভাবে ব্যাখ্যা করতে এবং বোঝাতে সক্ষম হয়। স্লাইডের একটি যৌক্তিক ক্রমানুসারে বিষয়বস্তু সংগঠিত করার মাধ্যমে, ব্যবহারকারীরা একটি সুসংগত স্টোরির মাধ্যমে দর্শকদের গাইড করতে পারে ও ব্যাখ্যা করতে পারে।

২.২ মাইক্রোসফট পাওয়ারপয়েন্ট


বর্তমানে বাজারে বিভিন্ন ধরনের প্রেজেন্টেশন সফটওয়্যার আছে তার মধ্যে মাইক্রোসফট পাওয়ার পয়েন্ট, ওপেন অফিস প্রেজেন্টেশন, ওয়ার্ড পারফেক্ট প্রেজেন্টেশন, লিব্রি অফিস ইমপ্রেস, wps office প্রেজেন্টেশন, গুগল স্লাইডস, স্লাইড বিন, অ্যাপল কীনোট, প্রেইজি, ক্যানভা ইত্যাদি প্রেজেন্টেশন সফটওয়্যার পাওয়া যায়। আমরা এই মডিউলে মাইক্রোসফট পাওয়ার পয়েন্ট সম্পর্কে বিস্তারিত জানবো।



লিব্রি অফিস ইমপ্রেস (LibreOffice Impress) :

লিব্রি অফিস ইমপ্রেস লিনাক্স অপারেটিং সিস্টেমে ব্যবহৃত হয়। সাধারণত লিনাক্স অপারেটিং সিস্টেম ইন্সটল করলে তার সাথে বাই-ডিফল্ট লিব্রি অফিস ইমপ্রেস অ্যাপ্লিকেশনটি ইন্সটল হয়ে যায়। লিব্রি অফিস ইমপ্রেস অ্যাপ্লিকেশনে কোন টেক্সট টাইপ করলে বাই-ডিফল্ট লিনাক্স ফাইল (.odp) হয়ে থাকে। তখন ঐ ফাইলটি শুধুমাত্র লিনাক্স এনভায়রনমেন্টেই ওপেন হবে। অন্য কোন এনভায়রনমেন্ট বা উইন্ডোজে ওপেন করতে হলে অবশ্যই এর ফাইল এক্সটেনশন চেঞ্জ করে (.pptx) এ সেইভ করতে হবে। লিব্রি অফিস ইমপ্রেস লিনাক্স অপারেটিং সিস্টেমে ব্যবহৃত হয়।

চিত্র (Figure) :



কাজের ধাপঃ


১. লিব্রি অফিস ইমপ্রেস অ্যাপ্লিকেশনটি চালু করতে হলে অবশ্যই লিন্যাক্স অপারেটিং সিস্টেম ব্যবহার করতে হবে।
২. এরপর লিব্রি অফিস ইমপ্রেস অ্যাপ্লিকেশন এর উপর মাউসের লেফট বাটন প্রেস করতে হবে।
৩. তখন লিব্রি অফিস ইমপ্রেস অ্যাপ্লিকেশনটি চালু হবে।
৪. এরপর কীবোর্ড থেকে প্রয়োজনীয় টেক্সট টাইপ করতে হবে।

প্রেজি (Prezi) :

Prezi হল একটি ক্লাউড-ভিত্তিক প্রেজেন্টেশন সফটওয়্যার যা ডাইনামিক এবং ভিজুয়াল প্রেজেন্টেশন তৈরি করতে ব্যবহৃত হয়। ট্র্যাডিশনাল স্লাইড-ভিত্তিক সফটওয়্যারের বিপরীতে, Prezi একটি জুমযোগ্য ক্যানভাস ব্যবহার করে যান-লিনিয়ার প্রেজেন্টেশন প্যাথগুলিকে প্রেজেন্ট করতে সাহায্য করে।

Prezi-এর সাহায্যে ব্যবহারকারীরা প্রেজেন্টেশন তৈরি করার সময় বিভিন্ন ধরনের মিডিয়া যেমন টেক্সট, ছবি, ভিডিও এবং চার্টকে অন্তর্ভুক্ত করতে পারে। সফটওয়্যারটি প্রেজেন্টেশনের ভিজুয়াল আপিল বাড়ানোর জন্য বিস্তৃত টেমপ্লেট, থিম এবং কাস্টমাইজেশন অপশন গুলো ব্যবহার করতে দেয়।

চিত্র (Figure) :



কাজের ধাপ :

Prezi সফটওয়্যারে লগ ইন করতে, এই পদক্ষেপগুলি অনুসরণ করুন:


১. আপনার ওয়েব ব্রাউজার খুলুন এবং Prezi ওয়েবসাইটে যান (prezi.com)
২. হোমপেজের উপরের ডানদিকে অবস্থিত "লগ ইন" অপশনে ক্লিক করুন

৩. আপনাকে বিভিন্ন লগইন অপশন দেওয়া হবে
 - আপনার জন্য সবচেয়ে উপযুক্ত অপশনটি নির্বাচন করুন:
৪. আপনার যদি একটি Prezi অ্যাকাউন্ট থাকে, তাহলে প্রদত্ত ক্ষেত্রগুলিতে আপনার ইমেল অ্যাড্রেস এবং পাসওয়ার্ড লিখুন এবং "লগ ইন" এ ক্লিক করুন
৫. আপনি যদি আপনার Google বা Facebook অ্যাকাউন্ট দিয়ে লগ ইন করতে পছন্দ করেন, তাহলে সংশ্লিষ্ট অপশনে ক্লিক করুন এবং আপনার অ্যাকাউন্টের তথ্য অ্যাক্সেস করার জন্য Prezi-কে অনুমোদন করার পদ্ধতি অনুসরণ করুন
৬. আপনার যদি একটি Prezi অ্যাকাউন্ট না থাকে, একটি নতুন অ্যাকাউন্ট তৈরি করতে "সাইন আপ" অপশনে ক্লিক করুন

গুগল স্লাইড (Google Slide) :

গুগল স্লাইড হচ্ছে একটা ক্লাউড অ্যাপ্লিকেশন, এটা প্রায় সব অপারেটিং সিস্টেম থেকে ব্যবহার করা যায়। গুগল স্লাইড এর অন্যতম সুবিধা হচ্ছে এটা কম্পিউটারে ইন্সটল করার প্রয়োজন হয় না। ইন্টারনেট কানেকশন থাকলে আমরা ব্রাউজারের মাধ্যমে আমরা সরাসরি গুগল স্লাইড ফিচারটি ব্যবহার করতে পারি।


চিত্র (Figure) :



কাজের ধাপঃ

১. গুগল স্লাইড ব্যবহার করতে হলে ইন্টারনেট কানেকশন স্টাবলিশ করতে হবে।
২. এরপর জিমেইল অ্যাকাউন্ট এ লগ-ইন করতে হবে। তবে অ্যাকাউন্ট না থাকলে নতুন অ্যাকাউন্ট খুলে নিতে হবে।
৩. তারপর গুগল অ্যাপস থেকে গুগল স্লাইড ফিচারটি ব্যবহার করতে হবে।

Keynote (ম্যাকওএস)



ম্যাকের ডিফল্ট Keynote সফটওয়্যার ব্যবহার করতে নিচের পদক্ষেপগুলি অনুসরণ করতে হবে:

১. LaunchPad এ ক্লিক করতে হবে বা অ্যাপ্লিকেশন ফোল্ডারে যেতে হবে।
২. "Keynote " অ্যাপ্লিকেশন আইকনে সনাক্ত করতে হবে এবং ক্লিক করতে হবে।
৩. Keynote অ্যাপ্লিকেশন ওপেন করার পর নিউ ডকুমেন্টে ক্লিক করতে হবে এবং সেখান থেকে একটি টেমপ্লেট স্ক্রীন প্রেজেন্ট করবে।
৪. টেমপ্লেট থেকে যেকোন থিম সিলেক্ট করবে অথবা ব্ল্যাংক থিম সিলেক্ট করতে হবে।
৫. এরপর প্রেজেন্টেশন তৈরি করা শুরু করতে হবে।

প্রেজেন্টেশনঃ

কোন ব্যক্তি বা ক্লায়েন্টের কাছে তথ্য বা আইডিয়া আকর্ষণীয়ভাবে সুসজ্জিত করে উপস্থাপন করতে প্রেজেন্টেশন ব্যবহৃত হয়।

বিভিন্ন ধরনের প্রেজেন্টেশন রয়েছে যেমনঃ

- বিজনেস প্রেজেন্টেশন - Informative, Sales, Investor, Pitch, Training, internal/ Company wide, Conference, Project Status/ Update, Competitive analysis Presentation
- পার্সোনাল পোর্টফলিও – Creative professional portfolio presentation, freelancer, Job interview, Student portfolio.
- ইনফোগ্রাফিক রিজিউমি – Skills Matrix, Timeline infography, Storytelling.
- এডুকেশন ম্যাটেরিয়ালস – Slideshow presentation, Video presentation, Interactive elearning modules, Case study.

সেলফ চেক শিট -১.১

প্রশিক্ষার্থীদের জন্য নির্দেশনা:- উপরোক্ত ইনফরমেশন শীট পাঠ করে নিচের প্রশ্নগুলোর উত্তর লিখ-

অতি সংক্ষিপ্ত প্রশ্ন-

১। আর্গোনোমিক হাজার্ড বলতে কি বুঝ?

২। লিফট অফিস এর কাজ কি?

৩। প্রেইজি কি?

উত্তরপত্র-১.১

১। উত্তরঃ

কর্মক্ষেত্রে আর্গোনোমিক (ergonomic) হাজার্ড হল এমন যেকোন অবস্থা বা বস্তু যার ফলে একজন কর্মীর দীর্ঘক্ষণ কাজ করার সময় শরীরের যে ক্ষতি হয়।

২। উত্তরঃ

উত্তরঃ লিবি অফিস ইমপ্রেস একটি ওপেন সোর্স ওয়ার্ড প্রসেসর। এটি লিনাক্স অপারেটিং সিস্টেমে ব্যবহৃত হয়। লিবি অফিস ইমপ্রেস এর মাধ্যমে আমরা প্রেজেন্টেশন তৈরির কাজ করে থাকি।

৩। উত্তরঃ

Prezi হল একটি ক্লাউড-ভিত্তিক প্রেজেন্টেশন সফটওয়্যার যা ডাইনামিক এবং ভিজুয়াল প্রেজেন্টেশন তৈরি করতে ব্যবহৃত হয়। ট্র্যাডিশনাল স্লাইড-ভিত্তিক সফটওয়্যারের বিপরীতে, Prezi একটি জুমযোগ্য ক্যানভাস ব্যবহার করে যা নন-লিনিয়ার প্রেজেন্টেশন পাথগুলিকে প্রেজেন্ট করতে সাহায্য করে।

শিখনফল-২ (Learning Outcome): প্রেজেন্টেশন প্রস্তুত করতে পারবে

বিষয়বস্তু (Content):

১. প্রেজেন্টেশন তৈরি করার পদ্ধতি
২. প্রেজেন্টেশন ইন্টারফেসের কম্পোনেন্ট
 - Tab
 - Ribbon
৩. স্লাইড সাইজ নির্বাচিত করা
৪. লে-আউট ইনসার্ট করা
৫. কনটেন্ট ইনসার্ট করা
 - Text
 - Table
 - Picture
 - Illustrations
 - Shapes
 - Customize Shape
 - Text Box
 - SmartArt
 - Chart
 - Screenshot
 - Icon
 - 3D Model
 - Hyperlink
 - Equation
 - Symbols
 - Media
 - Audio
 - Video
 - Screen Recording
 - Infographic
 - Object
 - Action Button
৬. প্রেজেন্টেশন সেইভ করা
৭. ফাইল ফরম্যাট
 - .pptx
 - .pptm
 - .ppt
 - .pdf
 - .xps
 - .mp4
 - .wmv
 - .jpg
 - .gif
 - .png
 - .tiff
৮. প্রেজেন্টেশন ভিউসহ স্লাইডগুলো চেক করা
 - From beginning

- From Current slide
- Custom Slide show

অ্যাসেসমেন্ট মানদণ্ড (Assessment Criteria):

১. প্রয়োজন অনুযায়ী ব্লাঙ্ক/ লাইব্রেরী থেকে প্রেজেন্টেশন তৈরি করতে সক্ষম হয়েছে
২. প্রেজেন্টেশন ইন্টারফেসের কনটেন্ট চিহ্নিত করতে সক্ষম হয়েছে
৩. প্রয়োজন অনুযায়ী স্লাইড সাইজ নির্বাচিত করতে সক্ষম হয়েছে
৪. প্রয়োজন অনুযায়ী নির্দিষ্ট লে-আউটে স্লাইড ইনসার্ট করতে সক্ষম হয়েছে
৫. প্রেজেন্টেশন অনুযায়ী কনটেন্ট ইনসার্ট করতে সক্ষম হয়েছে
৬. নির্দেশনা অনুযায়ী উপযুক্ত ফাইল ফরম্যাটে নির্দিষ্ট লোকেশনে প্রেজেন্টেশন সেইভ করতে সক্ষম হয়েছে
৭. প্রেজেন্টেশন ভিউসহ স্লাইডগুলো চেক করতে সক্ষম হয়েছে

শর্তাবলী (Conditions):

কাজের সময় শিক্ষার্থীকে অবশ্যই নিম্নোক্ত বিষয় সমূহ সরবরাহ করতে হবে:

১. প্রকৃত কর্মক্ষেত্র অথবা প্রশিক্ষণ পরিবেশ
২. পিপিই, সরঞ্জাম ও উপকরণ,
৩. যন্ত্রপাতি।

শিক্ষা উপকরণ (Learning Materials):

১. বই, ম্যানুয়্যাল
২. মডিউল / রেফারেন্স
৩. সিবিএলএম
৪. হ্যান্ডআউটস
৫. ল্যাপটপ
৬. মাল্টিমিডিয়া প্রোজেক্টর
৭. হোয়াইট বোর্ড ও মার্কার
৮. ইন্টারনেট ফ্যাসিলিটিস
৯. কাগজ
১০. কলম

শিখন কার্যক্রম (Learning Activity)

এই শিখনফল অর্জনের লক্ষ্যে শিখনফলে অন্তর্ভুক্ত বিষয় বস্তু এবং কর্মক্ষমতা মানদণ্ড অর্জনের জন্য নিম্ন বর্ণিত নিম্নবর্ণিত কার্যক্রমগুলো পর্যায়ক্রমে সম্পাদন করতে হবে কার্যক্রমগুলোর জন্য পাশ্বে বর্ণিত রিসোর্সসমূহ ব্যবহার করতে হবে।

Learning Activities (শিখন কার্যক্রম)	Resources / Special instructions (রিসোর্স / বিশেষ নির্দেশ)
<ul style="list-style-type: none">এই মডিউলটির ব্যবহার নির্দেশিকা অনুসরণ করতে হবে	<ul style="list-style-type: none">নির্দেশিকা পড়তে হবে।
<ul style="list-style-type: none">ইনফর্মেশন শীট পড়তে হবে	<ul style="list-style-type: none">ইনফর্মেশন শীট ২.১
<ul style="list-style-type: none">সেলফ চেক শীটে প্রদেয় প্রশ্নগুলোর উত্তর প্রদান করতে হবে এবং প্রদত্ত উত্তর পত্রের সাথে উত্তর মিলিয়ে নিশ্চিত হতে হবে	<ul style="list-style-type: none">সেলফ চেক ২.১ এবং উত্তরপত্র ২.১

ইনফরমেশন শিট: ২.১

ওয়ার্ড প্রসেসিং সফটওয়্যার ব্যবহার করা

লার্নিং অবজেক্টিভস (শিখন উদ্দেশ্য): এই ইনফরমেশন শীট পড়ে শিক্ষার্থীরা-


১. প্রয়োজন অনুযায়ী ব্ল্যাঙ্ক/ লাইব্রেরী থেকে প্রেজেন্টেশন তৈরি করতে পারবে
২. প্রেজেন্টেশন ইন্টারফেসের কনটেন্ট চিহ্নিত করতে পারবে
৩. প্রয়োজন অনুযায়ী স্লাইড সাইজ নির্বাচিত করতে পারবে
৪. প্রয়োজন অনুযায়ী নির্দিষ্ট লে-আউটে স্লাইড ইনসার্ট করতে পারবে
৫. প্রেজেন্টেশন অনুযায়ী কনটেন্ট ইনসার্ট করতে পারবে
৬. নির্দেশনা অনুযায়ী উপযুক্ত ফাইল ফরম্যাটে নির্দিষ্ট লোকেশনে প্রেজেন্টেশন সেভ করতে পারবে
৭. প্রেজেন্টেশন ভিউসহ স্লাইডগুলো চেক করতে পারবে

প্রেজেন্টেশন তৈরি করার পদ্ধতি

নতুন স্লাইড ইনসার্ট করা (Insert New Slide) :

পাওয়ার পয়েন্টে প্রেজেন্টেশন চালু করলে বাই ডিফল্ট একটি স্লাইড ওপেন থাকে। নতুন আরও স্লাইড তৈরি করতে হলে নিউ স্লাইড অপশন এর উপর ক্লিক করতে হয়। নিউ স্লাইড অপশনটি হোট ট্যাব এ থাকে। এছাড়া স্লাইড এর উপর মাউসের রাইট বাটন প্রেস করে ও নিউ স্লাইড তৈরি করা যায়।

চিত্র (Figure) :




কাজের থাপ:

১. হোম ট্যাব থেকে নিউ স্লাইড অপশনের উপর ক্লিক করতে হবে।
২. এছাড়া কিবোর্ড থেকে ইন্টার প্রেস করলেও নতুন স্লাইড তৈরি হয়।

মাউসের মাধ্যমে নতুন স্লাইড ইনসার্ট করা (Insert New Slide using Mouse)ঃ

মাউসের মাধ্যমে নতুন স্লাইড তৈরি করা যায়, সেক্ষেত্রে পূর্বে তৈরিকৃত স্লাইড এর উপর মাউসের রাইট বাটন প্রেস করতে হয় এবং সেখান থেকে নিউ স্লাইড অপশন সিলেক্ট করতে হয়।

চিত্র (Figure) ঃ




কাজের ধাপ:

- ১। প্রথমে স্লাইড প্যান থেকে যে কোন একটি স্লাইডের উপর রাইট বাটন প্রেস করতে হবে।
- ২। তখন নতুন উইন্ডো আসবে সেখান থেকে নিউ স্লাইড সিলেক্ট করতে হবে।

ডুপ্লিকেট স্লাইড তৈরি করা (Create Duplicate Slide) :

ডুপ্লিকেট স্লাইড বলতে আমরা কোন একটি স্লাইড এর ছবছ কপি করাকে বুঝি। অর্থাৎ কোন স্লাইডকে ডুপ্লিকেট করলে ঐ স্লাইডের কন্টেন্টসহ স্লাইডটি কপি হয়। অন্যদিকে নিউস্লাইড এ ক্লিক করলে নতুন একটি খালি স্লাইড তৈরি হয়। অর্থাৎ নতুন স্লাইডে কোন কন্টেন্ট থাকে না।

চিত্র (Figure) :



কাজের ধাপ :


- ১। প্রথম স্লাইড এর উপর মাইসের রাইট ক্লিক করতে হবে।
- ২। তখন নতুন উইন্ডো আসবে সেখান থেকে ডুপ্লিকেট স্লাইড সিলেক্ট করতে হবে।

স্লাইড ডিলিট করা (Delete Slide):

ডিলিট স্লাইড অপশনটির মাধ্যমে আমরা যে কোন স্লাইড ডিলিট করতে পারি।

স্লাইড ডিলিট করতে হলে প্রথমে স্লাইডটি সিলেক্ট করতে হয় তারপর কিবোর্ড থেকে ডিলিট বাটন প্রেস করলেও স্লাইডটি ডিলিট হয়ে যায়। এছাড়া মাউস দিয়েও ডিলিট করা যায়। সেক্ষেত্রে স্লাইডের উপর মাউসের রাইট বাটন প্রেস করলে নতুন উইন্ডো আসে সেখান থেকে ডিলিট স্লাইড অপশনটি সিলেক্ট করলে স্লাইডটি ডিলিট হয়ে যায়।

চিত্র (Figure) :




কাজের ধাপ :

- ১। প্রথমে যেই স্লাইডটি ডিলিট করতে হবে তার উপর মাউসের রাইট বাটন প্রেস করতে হবে।
- ২। নতুন উইন্ডো থেকে ডিলিট স্লাইড সিলেক্ট করতে হবে।

প্রেজেন্টেশন ইন্টারফেসের কম্পোনেন্ট

ট্যাব

"ট্যাব" বলতে পাওয়ারপয়েন্ট উইন্ডোর শীর্ষে অবস্থিত একটি গ্রাফিক্যাল এলিমেন্টকে বোঝায়, যা সংশ্লিষ্ট ক্যাটাগরির গ্রুপ অনুসারে কতকগুলো কমান্ডের সমন্বয়ে গঠিত। প্রতিটি ট্যাব একটি নির্দিষ্ট টুল এবং বৈশিষ্ট্যকে রিপ্রেজেন্ট করে যা পাওয়ারপয়েন্টের মধ্যে বিভিন্ন কাজ সম্পাদন করতে অ্যাক্সেস করা যেতে পারে। বিভিন্ন ধরনের ট্যাব রয়েছে যেমনঃ হোম ট্যাব, ইনসার্ট ট্যাব, ড্র ট্যাব, ট্রান্সিশন ট্যাব, এনিমেশন ট্যাব ও স্লাইড শো ট্যাব ইত্যাদি।



রিবন


রিবন বলতে পাওয়ারপয়েন্টের ইউজার ইন্টারফেস এলিমেন্টকে বোঝায় যেখানে প্রেজেন্টেশন তৈরি এবং এডিট করার জন্য একটি নির্দিষ্ট ট্যাবে ব্যবহৃত সমস্ত, কমান্ড এবং টুল রয়েছে। এটি পাওয়ারপয়েন্ট উইন্ডোর শীর্ষে শিরোনাম বারের নীচে অবস্থিত।



স্লাইড সাইজ নির্বাচিত করা


একটি প্রেজেন্টেশনে স্লাইডের সাইজ বলতে স্লাইডের ডাইমেনশন বা অনুপাতকে বোঝায়। এটি প্রতিটি স্লাইডের প্রস্থ এবং উচ্চতা নির্ধারণ করে এবং কীভাবে বিষয়বস্তু স্ক্রিনে প্রদর্শিত হবে তা নির্ধারণ করে। স্লাইডের সাইজ পছন্দমত আউটপুটের উপর ভিত্তি করে নির্ধারণ করা যায়। যেমন অন-স্ক্রীন প্রেজেন্টেশন, প্রিন্টিং হ্যান্ডআউট বা ডিজিটাল ফাইল।

এই অপশনটি পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন সফটওয়্যারে ডিজাইন ট্যাবে উপরে ডান কোণে থাকে।



লে-আউট ইনসার্ট করা (Insert Layout) :

স্লাইডে লে-আউট বলতে আমরা সাধারণত বিভিন্ন টাইপের স্লাইডকে বুঝি। মাইক্রোসফট পাওয়ার পয়েন্ট অ্যাপ্লিকেশন সফটওয়্যারে বিল্ট-ইন বিভিন্ন ধরনের লে-আউট থাকে সেখান থেকে আমরা প্রয়োজন মত লে-আউট সিলেক্ট করে নিতে পারি। স্লাইড তৈরি করার সময় অনেক ক্ষেত্রে দুইটি কন্টেন্ট সম্পন্ন স্লাইড ব্যবহার করার দরকার হয়। সেক্ষেত্রে আমরা লে-আউট অপশন থেকে (টু কন্টেন্ট) অপশনটি সিলেক্ট করে নিতে পারি। চিত্রে লে-আউট থেকে টু কন্টেন্ট স্লাইডটি ব্যবহার করা দেখানো হয়েছে।




কাজের ধাপ :

- ১। প্রথমে লে-আউট অপশনের উপর ক্লিক করতে হবে।
- ২। প্রয়োজনীয় লে-আউট সিলেক্ট করতে হবে।

কন্টেন্ট ইনসার্ট করা

টেক্সটঃ


স্লাইডে টেক্সট ইনসার্ট করা বলতে স্লাইডে টেক্সট কন্টেন্ট যোগ করার প্রক্রিয়াকে বোঝায়। প্রজেন্টেশনে কোন ম্যাসেজ কার্যকরভাবে প্রজেন্ট করতে টাইটেল, বুলেট পয়েন্ট, প্যারাগ্রাফ, ক্যাপশন বা অন্য কোনো লিখিত তথ্য ইনপুট করতে হয়। স্লাইডে টেক্সট ইনসার্ট করতে টেক্সট বক্সের প্রয়োজন হয়।



স্লাইডে টেবিল ব্যবহার করা (Use of Table in Slide)

টেবিল হচ্ছে রো এবং কলাম এর সমন্বয়ে গঠিত গ্রীড অব সেল। টেক্সট ও সংখ্যাকে সজ্জিত আকারে উপস্থাপনের জন্য টেবিলের প্রয়োজন হয়। যেমন একই পেইজে অনেকের ইনফরমেশন সংরক্ষণ করতে টেবিলের প্রয়োজন হয়। বিভিন্ন ভাবে টেবিল তৈরি করা যায়।

চিত্র (Figure) :




কাজের ধাপঃ

1. প্রথমে ইনসার্ট ট্যাব এ ক্লিক করতে হবে।
2. এর পর টেবিল অপশন এর উপর মাউস ক্লিক করলে টেবিলে রো ও কলাম ইনসার্ট অপশন আসে।
3. সেখান থেকে প্রয়োজনীয় রো ও কলাম নিয়ে টেবিল তৈরি করা হয়।

পিকচার ইনসার্ট করা (Insert Picture) :

স্লাইডে পিকচার সংযোজন করা অন্যতম গুরুত্বপূর্ণ একটা বিষয়। পিকচার আইকন এর উপর ক্লিক করলে ইনসার্ট পিকচার উইন্ডো আসে তখন ব্রাউস করে প্রয়োজনীয় পিকচার কে সিলেক্ট করে ইনসার্ট বাটন প্রেস করলে পিকচার ইনসার্ট হবে। এছাড়া অনলাইন পিকচার আইকন এর মাধ্যমে আমরা অনলাইন থেকে পিকচার ইনসার্ট করতে পারি।

চিত্র (Figure) :



কাজের ধাপঃ

১. প্রথমে ইনসার্ট ট্যাব এ ক্লিক করতে হবে।
২. ইনসার্ট পিকচার অপশন এর উপর মাউস এর লেফট বাটন প্রেস করলে ইনসার্ট নামে নতুন উইন্ডো আসে।
৩. সেখান থেকে ব্রাউজ করে যে লোকেশন এ পিকচার আছে সেটা সিলেক্ট করতে হবে।
৪. এরপর ইনসার্ট বাটনে ক্লিক করতে হয়।


ইলাস্ট্রেশনঃ

সেইপ

রেক্টেঙ্গেল এর ব্যবহার (Use of Rectangle) :

রেক্টেঙ্গেল বলতে আমরা আয়তাকার চতুর্ভুজ কে বুঝি। এখন আমরা একটি রেক্টেঙ্গেল ইনসার্ট করে তার লাইন কালার ও ফিল কালার পরিবর্তন করা শিখবো।

চিত্র (Figure) :



কাজের ধাপঃ


১. প্রথমে ইনসার্ট ট্যাব এ ক্লিক করতে হবে।
২. এরপর সেইপ অপশন এর উপর ক্লিক করতে হবে।
৩. তখন নতুন উইন্ডো আসবে সেখান থেকে রেক্টেঙ্গেল সেইপ টি সিলেক্ট করতে হবে।

সেইপ কাস্টমাইজেশন

সেইপ এর ফিল কালার ও লাইন কালার পরিবর্তন করা (Change Fill color & line color) :

সেইপ এর লাইন কালার ও ফিল কালার পরিবর্তন অথবা বন্ধ করতে হলে প্রথমে সেইপ টিকে সিলেক্ট করতে হবে। এরপর ফরম্যাট ট্যাব এর উপর ক্লিক করতে হবে। সেখান থেকে Shape Fill এর মাধ্যমে ফিল কালার ও Shape Outline মাধ্যমে লাইন কালার পরিবর্তন অথবা রিমুভ করতে পারবো। এছাড়া মাউসের মাধ্যমেও এই কাজটি করা যাই। নিচের চিত্রে দেখানো হলো।

চিত্র (Figure) ৪




কাজের ধাপঃ

১. প্রথমে ঐ রেক্টেঙ্গেল এর উপর মাউস এর রাইট বাটন প্রেস করতে হবে।
২. তখন নতুন উইন্ডো আসবে। সেখান থেকে ফরমেট সেইপ অপশনটি সিলেক্ট করতে হবে।
৩. এরপর ফরমেট সেইপ নামে ডান সাইডে নতুন উইন্ডো আসবে। সেখান থেকে ফিল কালার ও লাইন কালার পরিবর্তন করতে হবে।

টেক্সট বক্স এর ব্যবহার (Use of Text Box) :

স্লাইডে টেক্সট সমূহ সাধারণত বাই ডিফল্ট টেক্সট বক্স এর মধ্যেই থাকে। স্লাইডে অনেক সময় অতিরিক্ত টেক্সট বক্স ব্যবহার করার প্রয়োজন হয়। টেক্সট বক্সের মাধ্যমে আমরা স্লাইড এর যে কোন স্থানে যে কোন টেক্সট কে রাখতে পারি। টেক্সট বক্স ব্যবহার করতে হলে প্রথমে টেক্সট বক্স অপশন এর উপর ক্লিক করতে হয়। নিচের চিত্রে টেক্সট বক্স ব্যবহার করার পদ্ধতি দেখানো হলো।

চিত্র (Figure) :




কাজের ধাপঃ

1. প্রথমে টেক্সট বক্স অপশন এর উপর ক্লিক করতে করতে হবে।
2. তখন টেক্সট লেখার জন্য একটি বক্স আসবে।
3. এরপর ঐ বক্সে প্রয়োজনীয় টেক্সট টাইপ করতে হবে।

স্মার্টআর্ট এর ব্যবহার (Use of SmartArt) :

স্লাইডে ইনফরমেশনকে গ্রাফিক্যালি রিপ্রেজেন্ট করার জন্য আমরা স্মার্ট আর্ট ব্যবহার করে থাকি। বিভিন্ন ধরনের স্মার্টআর্ট রয়েছে, যেমন- List, Process, Cycle, Hierarchy, relationship, Matrix, Pyramid ইত্যাদি।

চিত্র (Figure) :



কাজের ধাপঃ

১. স্মার্ট আর্ট ইনসার্ট করতে হলে প্রথমে ইনসার্ট ট্যাব থেকে স্মার্টআর্ট অপশনটি সিলেক্ট করতে হবে।
২. তখন Chose a SmartArt নামে নতুন উইন্ডো আসবে।
৩. সেখান থেকে প্রয়োজনীয় স্মার্ট আর্ট অপশনটি সিলেক্ট করতে হবে।


স্লাইডে চার্ট এর ব্যবহার (Use of Chart in Slide) :

স্লাইডে কোন তথ্য কে গ্রাফিক্যালি রিপ্রেজেন্ট করতে হলে আমরা বেশির ভাগ সময় চার্ট ব্যবহার করে থাকি। যেমন ক্রিকেট খেলার সময় বলের সংখ্যা, ওভার, রান সংখ্যা, উইকেট ইত্যাদি সমস্ত তথ্য আমরা একই সাথে একটি চার্টের মাধ্যমে দেখতে পারি। বিভিন্ন ধরনের চার্ট রয়েছে যেমন কলাম (Column), লাইন (Line), পাই চার্ট (Pie), বার চার্ট (Bar), এরিয়া চার্ট (Area), XY স্কটার (XY Scatter), স্টোক (Stock), সার্ফেস (Surface), রাডার (Rader), ট্রিম্যাপ (Treemap), সানব্রাস্ট (Sunbrust), হিস্টোগ্রাম (Histogram), বক্স এন্ড হুইস্কার (Box & Whisker), ওয়াটারফল (Waterfall) এবং কম্বো (Combo) ইত্যাদি।

চার্ট ইনসার্ট করা (Insert Chart) :

নিচের চিত্রে পাই চার্ট ইনসার্ট করার প্রক্রিয়া দেখানো হয়েছে।

চিত্র (Figure) :



কাজের ধাপ :


1. চার্ট ইনসার্ট করতে হলে প্রথমে ইনসার্ট ট্যাব এর চার্ট অপশন এর উপর ক্লিক করতে হবে।
2. তখন ইনসার্ট চার্ট উইন্ডো ওপেন হবে।
3. সেখান থেকে প্রয়োজনীয় চার্ট টি সিলেক্ট করে ওকে বাটন প্রেস করতে হবে।
4. তখন প্রয়োজনীয় চার্টটি ওপেন হবে।

চার্টে ভ্যালু সংযোজন করা ও ডাটা লেবেল তৈরি করা (Add value and create data Level) :

চার্টে ভ্যালু সংযোজন করতে হলে প্রথমে চার্টের ঠিক সেন্টার পয়েন্টে মাউস এর রাইট বাটন ক্লিক করতে হয়। তারপর নতুন উইন্ডো থেকে Add Data level অপশনটি সিলেক্ট করতে হয়। এছাড়া ডিজাইন ট্যাব থেকে Chart Element অপশনটি সিলেক্ট করেও অপশনটি সিলেক্ট করা যায়।

নিচের চিত্রে চার্ট এ ডাটা লেবেল Add করা দেখানো হয়েছে।

চিত্র (Figure) :



কাজের ধাপঃ


1. প্রথমে চার্টের ঠিক সেন্টার পয়েন্টে মাউস এর রাইট বাটন ক্লিক করতে হবে।
2. তারপর নতুন উইন্ডো থেকে Add Data level অপশনটি সিলেক্ট করতে হবে।
3. এছাড়া ডিজাইন ট্যাব থেকে Chart Element অপশনটি সিলেক্ট করেও এই কাজটি করা যায়।

এডিট ডাটা লেবেল (Edit data label) :

চার্টে বাই ডিফল্ট চারটা ফিল্ড এর ডাটা ইনসার্ট করার সুযোগ থাকে। এক্ষেত্রে আরও বেশী ডাটা ইনসার্ট করার প্রয়োজন হলে এডিট ডাটা অপশনটি ব্যবহার করতে হয়। সেক্ষেত্রে চার্টকে সিলেক্ট করার পর ডিজাইন ট্যাব থেকে এডিট ডাটা অপশনটি সিলেক্ট করতে হবে। তখন এক্সেল ফাইল ওপেন হবে। এক্সেল এ প্রয়োজনীয় ডাটা ইনপুট দিয়ে এক্সেল ফাইল ক্লোজ করে দিতে হবে। এছাড়াও অপশন থেকে আমরা চার্টের টাইপ চেঞ্জ করতে পারি। এছাড়া থেকে চার্ট টাইটেল ইত্যাদি পরিবর্তন করতে পারি।

নিচের চিত্রে এডিট ডাটা লেবেল (Edit data label) অপশন এর ব্যবহার দেখানো হয়েছে।

চিত্র (Figure) :




কাজের ধাপঃ

১. চার্ট কে সিলেক্ট করার পর ডিজাইন ট্যাব থেকে এডিট ডাটা অপশনটি সিলেক্ট করতে হবে।
২. তখন এক্সেল ফাইল ওপেন হবে। এক্সেল এ প্রয়োজনীয় ডাটা ইনপুট দিয়ে এক্সেল ফাইল ক্লোজ করে দিতে হবে।

ডাটা এডিট করা (Edit data)ঃ

এডিট ডাটা লেবেল চার্টের অন্যতম একটি গুরুত্বপূর্ণ অংশ। চার্ট তৈরি করার পর তার লেবেলিং করার দরকার হয়। অর্থাৎ ঐ চার্টের Value, Category name, percentage ইত্যাদি ডাটা দেখানোর প্রয়োজন হয়। তখন ডাটা লেবেল এডিট করার প্রয়োজন হয়। সেখান থেকে প্রথমে চার্টের উপর মাউসের রাইট বাটন প্রেস করতে হয়। তখন নতুন উইন্ডো থেকে অ্যাড ডাটা লেবেল অপশনটি সিলেক্ট করতে হয়। তখন চার্টের উপর তার ভ্যালু শো করে। এরপর আরও ইনফরমেশন যেমন- Series Name, Category name, Percentage ইত্যাদি দেখানোর জন্য পুনরায় চার্টের ঠিক মাঝখানে অর্থাৎ সেন্টার পয়েন্টে মাউস পয়েন্ট রেখে রাইট বাটন প্রেস করতে হবে। তারপর নতুন উইন্ডো থেকে Format Data level অপশনটি সিলেক্ট করতে হবে। তখন ডান সাইটে এর একটি প্যানেল চালু হবে। সেখান থেকে প্রয়োজনীয় অপশনটি সিলেক্ট করতে হবে।

চিত্র (Figure) :




কাজের ধাপঃ

1. প্রথমে চার্টের ঠিক সেন্টার পয়েন্টে মাউস এর রাইট বাটন ক্লিক করতে হবে।
2. তারপর নতুন উইন্ডো থেকে Format Data level অপশনটি সিলেক্ট করতে হবে।
3. তখন ডান সাইটে এর একটি প্যানেল আসবে।
4. এরপর প্রয়োজনীয় অপশনটি সিলেক্ট করতে হবে।

ফরমেট ডাটা লেবেল (Format Data Level) :

চার্টে ডাটা লেবেল অ্যাড করার পর পুনরায় তাতে ক্যাটাগরি নেম, পারসেন্টেজ, ভ্যালু ইত্যাদি সংযোজন করতে হলে ফরমেট ডাটা লেবেল অপশনটি ব্যবহার করতে হয়। সেক্ষেত্রে চার্টের সেন্টার পয়েন্টে কার্সর রেখে মাউস এর লেফট বাটন প্রেস করতে হয়। তখন নতুন উইন্ডো থেকে ফরমেট ডাটা লেবেল অপশনটি সিলেক্ট করতে হয়। নিচের চিত্রে ফরমেট ডাটা লেবেল অপশন এর ব্যবহার দেখানো হলো।


চিত্র (Figure) :



কাজের ধাপঃ

1. প্রথমে চার্টের ঠিক সেন্টার পয়েন্টে মাউস এর রাইট বাটন ক্লিক করতে হবে।
2. তারপর নতুন উইন্ডো থেকে Format Data level অপশনটি সিলেক্ট করতে হবে।
3. তখন ডান সাইটে এর একটি প্যানেল আসবে।
4. এরপর প্রয়োজনীয় অপশনটি সিলেক্ট করতে হবে।

ডাটা লেবেল করার পরের চিত্র :
চিত্র (Figure) :



কাজের ধাপঃ


১. প্রথমে চার্টের ঠিক সেন্টার পয়েন্টে মাউস এর রাইট বাটন ক্লিক করতে হবে।
২. তারপর নতুন উইন্ডো থেকে Format Data level অপশনটি সিলেক্ট করতে হবে।
৩. তখন ডান সাইটে এর একটি প্যানেল আসবে।
৪. এরপর প্রয়োজনীয় অপশনটি সিলেক্ট করতে হবে।

স্ক্রিনশট

পাওয়ারপয়েন্টে, একটি স্ক্রিনশট এমন একটি অপশন যা সরাসরি একটি স্লাইডে কম্পিউটার স্ক্রিনের একটি নির্বাচিত অংশের একটি চিত্র ক্যাপচার এবং ইনসার্ট করতে দেয়। এটি আপনার প্রেজেন্টেশনের মধ্যে অন্যান্য প্রোগ্রাম, ওয়েবসাইট বা বিষয়বস্তুর ভিজুয়াল উপস্থাপনা সহ দ্রুততার সাথে করার জন্য একটি দরকারী টুল।


স্ক্রিনশট নেয়ার পদ্ধতিঃ

১. প্রথমে পাওয়ারপয়েন্ট প্রেজেন্টেশন চালু করতে হবে এরপর নির্দিষ্ট স্লাইডে গিয়ে যেখানে একটি স্ক্রিনশট ইনসার্ট করতে চায় সেখানে কার্সর রাখতে হবে।
২. এরপর স্ক্রিনের শীর্ষে পাওয়ারপয়েন্ট রিবনে "ইনসার্ট" ট্যাবে ক্লিক করতে হবে।
৩. রিবনের "ইলাস্ট্রেশন" গ্রুপে "স্ক্রিনশট" অপশনটি থাকে। অবশ্য যে PowerPoint ভার্সনটি ব্যবহার করা হচ্ছে তার উপর ভিত্তি করে স্ক্রিনশট" অপশনটির অবস্থান সামান্য পরিবর্তিত হতে পারে।
৪. "স্ক্রিনশট" অপশনটি ক্লিক করুন। একটি ড্রপ-ডাউন মেনু প্রদর্শিত হবে, আপনার কম্পিউটারে বর্তমানে খোলা উইন্ডোজ এবং প্রোগ্রামগুলির থাম্বনেইল পূর্বরূপ দেখায়।
৫. যদি পুরো স্ক্রীনটি ক্যাপচার করতে চাই তবে থাম্বনেইলে ক্লিক করতে হবে যা পূর্ণ স্ক্রীনকে উপস্থাপন করে। তখন পাওয়ারপয়েন্ট স্বয়ংক্রিয়ভাবে স্লাইডে স্ক্রিনশট ইনসার্ট করবে।
৬. যদি স্ক্রিনের একটি নির্দিষ্ট অংশ ক্যাপচার করতে চাই তবে ড্রপ-ডাউন মেনুর নীচে "স্ক্রিন ক্লিপিং" অপশনে ক্লিক করতে হবে। পাওয়ারপয়েন্ট ছোট হবে, এবং কার্সর স্ক্রিনশট নেয়ার জন্য প্রস্তুত হবে।
৭. ক্যাপচার করতে চাইলে স্ক্রিনের অংশটি সিলেক্ট করতে নির্দিষ্ট স্ক্রিনের উপর ক্লিক করে টেনে আনতে হবে। স্ক্রিনশট নিতে মাউস বাটনটি ছেড়ে দিতে হবে। পাওয়ারপয়েন্ট ক্যাপচার করা ছবিটি আপনার স্লাইডে ঢোকাবে।
৮. স্ক্রিনশটটি ইনসার্ট করা হয়ে গেলে, পাওয়ারপয়েন্টের অন্য যে কোনও চিত্রের মতো এটির আকার পরিবর্তন করতে, স্থান পরিবর্তন করতে বা ফর্ম্যাট করা যেতে পারে। প্রয়োজনে ইমেজ এডিটিং টুলসও ব্যবহার করা যেতে পারে।




আইকন

প্রেজেন্টেশনে কোন আইকন ব্যবহার করার প্রয়োজন হলে আইকন অপশনটি ব্যবহার করতে হয়।



3D Model

প্রেজেন্টেশনে কোন 3D Model ব্যবহার করার প্রয়োজন হলে 3D Model অপশনটি ব্যবহার করতে হয়।




বিভিন্ন স্লাইডের মধ্যে হাইপারলিংক সংযোজন করা (Use of hyperlink) :

হাইপার লিংক এর মাধ্যমে আমরা স্লাইড এর যে কোন ওয়ার্ড বা টেক্সটকে ওয়েব সাইটের সাথে লিংক করে দিতে পারি। অর্থাৎ কোন একটি টপিকস এর বিস্তারিত বিবরণ যদি ওয়েবসাইটে থাকে তখন হাইপার লিংক এর মাধ্যমে ওয়েব সাইটের অ্যাড্রেসকে লিংক করে দেওয়া হয়। এছাড়া হাইপার লিংক এর মাধ্যমে আমরা একই প্রেজেন্টেশন ফাইল এর বিভিন্ন

স্লাইড এর মধ্যে লিংক তৈরি করতে পারি। নিচের চিত্রে একই প্রেজেন্টেশন ফাইল এর বিভিন্ন স্লাইড এর মধ্যে কিভাবে লিংক তৈরি করা যায় তা দেখানো হলো।

চিত্র (Figure) ৪




কাজের ধাপঃ

১. এক্ষেত্রে প্রথমে হাইপার লিংক অপশন এ মাউস ক্লিক করতে হবে।
২. তখন ইনসার্ট হাইপার লিংক নামে নতুন উইন্ডো আসবে।
৩. সেখান থেকে প্লেস ইন দিজ ডকুমেন্ট অপশনটি সিলেক্ট করতে হবে।
৪. এরপর যে স্লাইডের সাথে লিংক করতে হবে তা সিলেক্ট করতে হবে।
৫. এরপর ওকে বাটন প্রেস করতে হবে।

ওয়েবসাইট এর সাথে হাইপারলিংক সংযোজন করা (Use of hyperlink) :

হাইপার লিংক এর মাধ্যমে আমরা ডকুমেন্ট এর যে কোন ওয়ার্ড বা টেক্সটকে ওয়েব সাইটের সাথে লিংক করে দিতে পারি। অর্থাৎ কোন একটি টপিকস এর বিস্তারিত বিবরণ যদি ওয়েবসাইটে থাকে তখন হাইপার লিংক এর মাধ্যমে ওয়েব সাইটের অ্যাড্রেসকে লিংক করে দেওয়া হয়।

চিত্র (Figure) :




কাজের ধাপঃ

১. এক্ষেত্রে প্রথমে হাইপার লিংক অপশন এ মাউস ক্লিক করতে হবে।
২. তখন ইনসার্ট হাইপার লিংক নামে নতুন উইন্ডো আসবে।
৩. সেখান থেকে অ্যাড্রেস ফিল্ডে নির্দিষ্ট ওয়েবসাইট এর অ্যাড্রেস টাইপ করতে হবে।
৪. এরপর ওকে বাটন প্রেস করতে হবে।

হেডার এবং ফুটার এর ব্যবহার (Use of Header & Footer) :

অনেক সময় ডকুমেন্টের উপরে কোম্পানী লোগো, কোম্পানীর নাম ও কোম্পানীর অন্যান্য ইনফরমেশন সবগুলো পেইজ এ সংযোজন করার প্রয়োজন হয়। তখন ঐ সব প্রয়োজনীয় ইনফরমেশন আমরা ডকুমেন্টের হেডারে সংযোজন করে থাকি। সাধারণত পেইজ এর উপরের ১ ইঞ্চি স্থানকে হেডার বলা হয়ে থাকে। ডকুমেন্টে এর প্রয়োজন অনুযায়ী হেডারের স্পেস কম বা বেশী করা যায়। নিচের চিত্রে পেইজে হেডার সংযুক্ত করার পদ্ধতি দেখানো হয়েছে।

চিত্র (Figure) :



ফুটার এর ব্যবহার : পেইজ এর নিচের ১ ইঞ্চি অংশকে ফুটার বলে। ফুটারে সাধারণত কোম্পানীর ঠিকানা পেইজ এর নাম্বার ফুটনোট ইত্যাদি সংযোজন করা হয়ে থাকে এবং স্লাইডে অনেক সময় স্লাইড নাম্বার সংযুক্ত করার প্রয়োজন হয়।

কাজের ধাপঃ

১. প্রথমে ইনসার্ট ট্যাব এ ক্লিক করতে হবে।
২. এরপর হেডার অপশন এর উপর মাউস ক্লিক করলে ড্রপ ডাউন উইন্ডো চালু হবে।
৩. সেখান থেকে প্রয়োজনীয় লে-আউটটি সিলেক্ট করতে হবে।
৪. এছাড়া এডিট ফুটার অপশন এর মাধ্যমে আমরা ফুটার এডিট বা আপডেট করতে পারি এবং রিমুভ ফুটার অপশন এর মাধ্যমে আমরা ফুটার রিমুভ করতে পারি।

ওয়ার্ডআর্ট এর ব্যবহার (Use of WordArt) :

ওয়ার্ডআর্ট ব্যবহার করে আমরা টেক্সট এ বিভিন্ন স্টাইল যেমন ইনার স্যাডো (Inner shadow), আউটার স্যাডো (Outer shadow) ব্যাকগ্রাউন্ড কালার (Background color) ইত্যাদি ব্যবহার করতে পারি। নিচের চিত্রে ওয়ার্ডআর্ট এর ব্যবহার দেখানো হয়েছে।

চিত্র (Figure) :




কাজের ধাপঃ

১. প্রথমে ওয়ার্ড আর্ট অপশনে ক্লিক করতে হবে।
২. তখন ইয়োর টেক্সট হেয়ার (Your Text Here) লেখা সম্বলিত একটি ইউভো আসবে সেখানে প্রয়োজনীয় টেক্সট টাইপ করতে হবে।
৩. এরপর টেক্সট স্টাইল ইউভো থেকে পছন্দ মত স্টাইলটি সিলেক্ট করতে হবে।

ইকুয়েশন এর ব্যবহার (Use of Equation) :

চিত্র (Figure) :



কাজের ধাপঃ

১. প্রথমে নির্দিষ্ট স্থানে কার্সর রাখতে হবে।
২. এরপর ইকুয়েশন অপশন এর উপর মাউস ক্লিক করতে হবে।
৩. তখন ড্রপ-ডাউন উইন্ডো আসবে। সেখান থেকে ইনসার্ট নিউ ইকুয়েশন অপশনটি সিলেক্ট করতে হবে।
৪. এ সময় ইকুয়েশন টাইপ করার উইন্ডো আসবে। সেখানে প্রয়োজনীয় ইকুয়েশন টাইপ করতে হবে।


Add-ins

অ্যাড-ইনস মাইক্রোসফট অফিস ২০১৬ এর নতুন ফিচার এখন থেকে আমরা বিভিন্ন রকম অ্যাড-ইনস ব্যবহার করতে পারি। উইকিপিডিয়া এর মাধ্যমে আমরা বিভিন্ন তথ্য নিতে পারি। অনলাইন ভিডিও মিডিয়া এর মাধ্যমে আমরা অনলাইন এর বিভিন্ন ভিডিও সংগ্রহ করতে পারি। হাইপারলিংক ব্যবহার করে আমরা কোন টেক্সট এর সোর্স হিসাবে ওয়েবসাইট এর লিংক সংযোজন করতে পারি। বুকমার্ক এর মাধ্যমে প্রয়োজনীয় লিংকটি সংরক্ষণ করতে পারি।

কমেন্ট (Use of comments) :

অনেক সময় কোন টেক্সট বা ডকুমেন্টস এর বিশেষ ইনফরমেশন আলাদা করে সংরক্ষণ করার প্রয়োজন হয়। তখন আমরা ঐ ইনফরমেশনকে কমেন্টস বলে থাকি। যার মাধ্যমে ঐ টেক্সট বা ডকুমেন্টের আরও বিশদ ইনফরমেশন পাওয়া যায়।

চিত্র (Figure) :




কাজের ধাপঃ

১. প্রথমে টেক্সট কে সিলেক্ট করতে হবে।
২. এরপর কমেন্টস অপশন এর উপর ক্লিক করতে হবে।
৩. তখন কমেন্টস টাইপ করার নতুন উইন্ডো আসবে। সেখানে প্রয়োজনীয় কমেন্টস টাইপ করতে হবে।

সিম্বল ইনসার্ট করা (Insert Symbols) :

অনেক সময় ডকুমেন্টে অ্যালফা বেরিক ও নিউমেরিক ক্যারেক্টার ছাড়াও কিছু সিম্বল ও স্পেশাল ক্যারেক্টার টাইপ করার প্রয়োজন হয়। তখন আমাদের সিম্বল অপশনটি ব্যবহার করার প্রয়োজন হয়। সিম্বল ব্যবহার করতে হলে প্রথমে সিম্বল অপশন এর উপর মাউস ক্লিক করতে হবে। তখন নতুন উইন্ডো আসবে। সেখানে সাম্প্রতিক সময়ে ব্যবহৃত কিছু সিম্বল দেখাবে ঠিক তার নিচে More symbol অপশন থাকবে সেখানে ক্লিক করলে নতুন একটি উইন্ডো আসবে সেখান থেকে প্রয়োজনীয় সিম্বলটি সিলেক্ট করে ইনসার্ট বাটন প্রেস করতে হবে। নিচের চিত্রে সিম্বল অ্যাড করার পদ্ধতি দেখানো হয়েছে।

চিত্র (Figure) :



কাজের ধাপঃ


১. প্রথমে সিম্বল অপশন এর উপর মাউস ক্লিক করতে হবে।
২. তখন নতুন উইন্ডো আসবে। সেখান থেকে প্রয়োজনীয় সিম্বলটি সিলেক্ট করতে হবে।
৩. এরপর ইনসার্ট বাটন প্রেস করতে হবে।

মিডিয়া

প্রেজেন্টেশনে অডিও ও ভিডিও কন্টেন্ট অ্যাড করতে পারি।


অডিও কন্টেন্টঃ

অডিও কন্টেন্ট বলতে যেকোন ধরনের মিডিয়া বা তথ্য বোঝায় যা প্রাথমিকভাবে সাউন্ড বা অডিও ফরম্যাটের মাধ্যমে ব্যবহার করা হয়। এতে বিভিন্ন ধরনের অডিও রেকর্ডিং যেমন মিউজিক, পডকাস্ট, অডিওবুক, রেডিও শো, ইন্টারভিউ, বক্তৃতা, সাউন্ড ইফেক্ট ইত্যাদি অন্তর্ভুক্ত রয়েছে।



ভিডিও কন্টেন্টঃ

ভিডিও কন্টেন্ট বলতে বোঝায় যে কোনো ধরনের মিডিয়া বা তথ্য যা প্রাথমিকভাবে অডিও সহ একটি ভিজুয়াল ফরম্যাটে উপস্থাপিত হয়।




স্ক্রিন রেকর্ডিং অপশন এর ব্যবহার (Use of Recording Option) :

স্ক্রিন রেকর্ডিং অপশনটি অন্যতম গুরুত্বপূর্ণ। স্ক্রিন রেকর্ডিং অপশন টি চালু রেখে কম্পিউটার এ কোন কাজ করলে তা ভিডিও আকারে রেকর্ড হয়ে যায়। এই অপশন এর মাধ্যমে ভিডিও এর সাথে অডিও রেকর্ড ও হয়ে থাকে।

নিচের চিত্রে স্ক্রিন রেকর্ডিং অপশন ব্যবহার করার পদ্ধতি দেখানো হয়েছে।

চিত্র (Figure) :




কাজের ধাপঃ

১. প্রথমে স্ক্রিন রেকর্ডিং অপশন এর উপর মাউস ক্লিক করতে হবে।
২. তখন নতুন উইন্ডো আসবে। সেখান থেকে প্রয়োজনীয় স্ক্রিন এরিয়া সিলেক্ট করতে হবে।
৩. এরপর রেকর্ড বাটন প্রেস করতে হবে।

Object


অবজেক্ট অপশনের মাধ্যমে আমরা বাইরের কোন অবজেক্টকে প্রেজেন্টেশনের ভিতরে ইম্পোর্ট করতে পারি।



অ্যাকশন বাটন এর ব্যবহার (Use of Action Button) :

প্রেজেন্টেশন এর সময় অনেক ক্ষেত্রে এক স্লাইড থেকে অন্য স্লাইডে যাওয়ার প্রয়োজন হয়। অর্থাৎ কয়েকটা স্লাইড প্রেজেন্ট করার পর পুনরায় প্রথম স্লাইডে যাওয়ার প্রয়োজন হয়। আবার প্রথম স্লাইডের কাজ শেষে ঐ স্লাইডে ফিরে যাওয়ার প্রয়োজন হয়। এইসব ক্ষেত্রে অ্যাকশন বাটন ব্যবহার করার দরকার হয়।

চিত্র (Figure) :



অ্যাকশন বাটন এর ব্যবহার (Use of Action Button):



কাজের ধাপঃ


১. প্রথমে সেইপ থেকে প্রয়োজনীয় অ্যাকশন বাটনটি সিলেক্ট করতে হবে।
২. এরপর অ্যাকশন অপশন এর উপর ক্লিক করতে হবে।
৩. তখন নতুন উইন্ডো আসবে। সেখান থেকে হাইপারলিংক টু ফিল্ডে প্রয়োজনীয় স্লাইড টি সিলেক্ট করতে হবে।

প্রেজেন্টেশন সেইভ করা

পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন ফাইল সেইভ করা (Save Presentation File) :

প্রেজেন্টেশন ফাইল সেইভ করা অন্যতম গুরুত্বপূর্ণ একটা বিষয়। প্রয়োজনীয় কোন প্রেজেন্টেশন ফাইল তৈরি করতে হলে প্রথমেই প্রেজেন্টেশন ফাইল টিকে সেইভ করে নেওয়া উচিত। তা না হলে যে কোন মুহূর্তে কম্পিউটারের পাওয়ার ব্যাকআপ বন্ধ হয়ে গেলে বা সফটওয়্যার এর সমস্যার কারণে বন্ধ হয়ে গেলে ও প্রেজেন্টেশন ফাইল নষ্ট হয়ে যায়। তাই আগে প্রেজেন্টেশন ফাইল কে সেইভ করে নিতে হবে। নিচের চিত্রে প্রেজেন্টেশন ফাইল সেইভ করার পদ্ধতি দেখানো হলো

চিত্র (Figure) :



কাজের ধাপ:

1. প্রথমে ফাইল থেকে সেইভ অ্যাস অপশন এর উপর ক্লিক করতে হবে।
2. এরপর সেইভ অ্যাস ডায়ালগ বক্স আসবে।
3. প্রয়োজনীয় ড্রাইভ লোকেশন সিলেক্ট করতে হবে।
4. ফাইল এর নাম টাইপ করতে হবে।
5. এরপর সেইভ বাটন প্রেস করতে হবে।

ফাইল ফরম্যাট


প্রেজেন্টেশনের ফাইল ফরম্যাটগুলো সাধারণত নির্দিষ্ট ধরণের ফাইল টাইপকে নির্দেশ করে। ফাইল ফরম্যাটের মাধ্যমে প্রেজেন্টেশন কোন ধরণের হবে তা নির্ধারণ করা হয়। বিভিন্ন ধরণের ফাইল ফরম্যাট রয়েছে যেমনঃ

.pptx, .pptm, .ppt, .pdf, .xps, .mp4, .wmv, .jpg, .gif, .png, .tiff ইত্যাদি।

প্রেজেন্টেশন ভিউসহ স্লাইডগুলো চেক করা


From beginning

কোন প্রেজেন্টেশন স্লাইডসো মোডে প্রেজেন্ট করার সময় প্রথম স্লাইড থেকে স্লাইডসো শুরু করতে হলে From beginning অপশনটি সিলেক্ট করতে হয়।




From Current slide

স্লাইডসো মোডে প্রেজেন্ট করার সময় কারেন্ট স্লাইডকে স্লাইডসো আকারে দেখাতে হলে From Current slide অপশনটি সিলেক্ট করতে হয়।



Custom Slide show

এছাড়া Custom Slide show এর মাধ্যমে আমরা প্রয়োজন অনুযায়ী নির্দিষ্ট কিছু স্লাইডকে স্লাইডশো মোডে প্রেজেন্ট করতে পারি।



সেলফ চেক শিট – ২.১

প্রশিক্ষার্থীদের জন্য নির্দেশনা: - উপরোক্ত ইনফরমেশন শীট পাঠ করে নিচের প্রশ্নগুলোর উত্তর লিখ-

অতি সংক্ষিপ্ত প্রশ্ন-

১. পাওয়ারপয়েন্টে ব্যবহৃত ট্যাব বলতে কি বুঝ?

২. রিবন কি?

৩. স্মার্টআর্ট এর কাজ কি?

৪. চার্ট এর কাজ কি?

৫. হাইপারলিঙ্ক এর কাজ কি?

উত্তরপত্র- ২.১

১. পাওয়ারপয়েন্টে ব্যবহৃত ট্যাব বলতে কি বুঝ?

উত্তরঃ "ট্যাব" বলতে পাওয়ারপয়েন্ট উইন্ডোর শীর্ষে অবস্থিত একটি গ্রাফিক্যাল এলিমেন্টকে বোঝায়, যা সংশ্লিষ্ট ক্যাটাগরির গ্রুপ অনুসারে কতকগুলো কমান্ডের সমন্বয়ে গঠিত। প্রতিটি ট্যাব একটি নির্দিষ্ট টুল এবং বৈশিষ্ট্যকে রিপ্রেজেন্ট করে যা পাওয়ারপয়েন্টের মধ্যে বিভিন্ন কাজ সম্পাদন করতে অ্যাক্সেস করা যেতে পারে। বিভিন্ন ধরনের ট্যাব রয়েছে যেমনঃ হোম ট্যাব, ইনসার্ট ট্যাব, ড্র ট্যাব, ট্রান্সিশন ট্যাব, এনিমেশন ট্যাব ও স্লাইড শো ট্যাব ইত্যাদি।

২. রিবন কি?

উত্তরঃ রিবন বলতে পাওয়ারপয়েন্টের ইউজার ইন্টারফেস এলিমেন্টকে বোঝায় যেখানে প্রেজেন্টেশন তৈরি এবং এডিট করার জন্য একটি নির্দিষ্ট ট্যাবে ব্যবহৃত সমস্ত, কমান্ড এবং টুল রয়েছে। এটি পাওয়ারপয়েন্ট উইন্ডোর শীর্ষে শিরোনাম বারের নীচে অবস্থিত।

৩. স্মার্টআর্ট এর কাজ কি?

উত্তরঃ স্লাইডে ইনফরমেশনকে গ্রাফিক্যালি রিপ্রেজেন্ট করার জন্য আমরা স্মার্ট আর্ট ব্যবহার করে থাকি। বিভিন্ন ধরনের স্মার্টআর্ট রয়েছে, যেমন- List, Process, Cycle, Hierarchy, relationship, Matrix, Pyramid ইত্যাদি।

৪. চার্ট এর কাজ কি?

উত্তরঃ স্লাইডে কোন তথ্য কে গ্রাফিক্যালি রিপ্রেজেন্ট করতে হলে আমরা বেশির ভাগ সময় চার্ট ব্যবহার করে থাকি। যেমন ক্রিকেট খেলার সময় বলের সংখ্যা, গুভার, রান সংখ্যা, উইকেট ইত্যাদি সমস্ত তথ্য আমরা একই সাথে একটি চার্টের মাধ্যমে দেখতে পারি।

৫. হাইপারলিঙ্ক এর কাজ কি?

উত্তরঃ হাইপার লিংক এর মাধ্যমে আমরা স্লাইড এর যে কোন ওয়ার্ড বা টেক্সটকে ওয়েব সাইটের সাথে লিংক করে দিতে পারি। অর্থাৎ কোন একটি টপিকস এর বিস্তারিত বিবরণ যদি ওয়েবসাইটে থাকে তখন হাইপার লিংক এর মাধ্যমে ওয়েব সাইটের অ্যাড্রেসকে লিংক করে দেওয়া হয়। এছাড়া হাইপার লিংক এর মাধ্যমে আমরা একই প্রেজেন্টেশন ফাইল এর বিভিন্ন স্লাইড এর মধ্যে লিংক তৈরি করতে পারি।

অ্যাক্টিভিটি শীট ২.১


অ্যাক্টিভিটির নামঃ স্লাইডে চার্টের মাধ্যমে ডাটা প্রেজেন্ট করে দেখাও।

সময়ঃ ৩০ মিনিট

Method of preparation / procedure (কর্ম-পদ্ধতি)

১. প্রয়োজনীয় পিপিই (PPE) সংগ্রহ ও পরিধান করুন।
২. প্রয়োজনীয় যন্ত্রপাতি সংগ্রহ করুন।
৩. কম্পিউটার চালু করুন।
৪. প্রেজেন্টেশন সফটওয়্যার চালু করুন।
৫. স্পেসিফিকেশন শীট অনুযায়ী স্লাইডটি তৈরি করুন।
৬. প্রেজেন্টেশনটি নির্দিষ্ট ড্রাইভে সেভ করুন।
৭. ওয়ার্ক স্টেশন পরিস্কার করুন।
৮. কম্পিউটার বন্ধ করুন।

নমুনা



স্পেসিফিকেশন শীটঃ ২.১

অ্যাক্টিভিটির নামঃ স্লাইডে চার্টের মাধ্যমে ডাটা প্রেজেন্ট করে দেখাও।

সময়ঃ ৩০ মিনিট

প্রদত্ত জব সম্পন্ন করার জন্য প্রয়োজনীয় টুলস, ইকুইপমেন্ট ও ম্যাটেরিয়ালের তালিকা নিচে দেওয়া হল।

Required Personal Protective Equipment (PPE) (প্রয়োজনীয় পিপিই)

ক্রমিক নং	নাম	স্পেসিফিকেশন	একক	পরিমাণ
০১	আই প্রোটেকশন গ্লাস	--	পিস	১
০২	রাবার স্যাভেল	--	জোড়া	১
০৩	আর্গোনোমিক চেয়ার	--	পিস	১

Required Tools Equipment: প্রয়োজনীয় যন্ত্রপাতি/ সরঞ্জাম

ক্রমিক নং	নাম	স্পেসিফিকেশন	একক	পরিমাণ
০১	কম্পিউটার	--	পিস	১
০২	কিবোর্ড	--	জোড়া	১
০৩	মাউস	--	পিস	১
০৪	মনিটর	--	পিস	১

শিখনফল - ৩ (Learning Outcome): প্রেজেন্টেশন সু-সজ্জিত করতে পারবে

বিষয়বস্তু (Content):

১. স্লাইড ব্যাকগ্রাউন্ড কাস্টমাইজেশন
২. অ্যানিমেশন
 - Entrance
 - Emphasis
 - Exit
 - Motion Paths
 - Timing
৩. ট্রানজিশন
 - Subtle
 - Exciting
 - Dynamic Content

অ্যাসেসমেন্ট মানদণ্ড (Assessment Criteria):

১. স্লাইড ব্যাকগ্রাউন্ড কাস্টমাইজেশন করতে সক্ষম হয়েছে
২. অ্যানিমেশন প্রয়োগ করতে সক্ষম হয়েছে
৩. ট্রানজিশন প্রয়োগ করতে সক্ষম হয়েছে
৪. প্রেজেন্টেশন চেক করতে সক্ষম হয়েছে

শর্তাবলী (Conditions):

কাজের সময় শিক্ষার্থীকে অবশ্যই নিম্নোক্ত বিষয়সমূহ সরবরাহ করতে হবে:

১. প্রকৃত কর্মক্ষেত্র অথবা প্রশিক্ষণ পরিবেশ
২. পিপিই, সরঞ্জাম ও উপকরণ,
৩. যন্ত্রপাতি।

শিক্ষা উপকরণ (Learning Materials):

১. বই, ম্যানুয়াল
২. মডিউল / রেফারেন্স
৩. সিবিএলএম
৪. হ্যান্ডআউটস
৫. ল্যাপটপ
৬. প্রিন্টার
৭. মাল্টিমিডিয়া প্রোজেক্টর
৮. হোয়াইট বোর্ড ও মার্কার
৯. ইন্টারনেট ফ্যাসিলিটিস
১০. কাগজ
১১. কলম

শিখন কার্যক্রম (Learning Activity)

এই শিখনফল অর্জনের লক্ষ্যে শিখনফলে অন্তর্ভুক্ত বিষয়বস্তু এবং কর্মক্ষমতা মানদণ্ড অর্জনের জন্য নিম্নবর্ণিত কার্যক্রমগুলো পর্যায়ক্রমে সম্পাদন করতে হবে কার্যক্রমগুলোর জন্য নিম্নে বর্ণিত রিসোর্সসমূহ ব্যবহার করতে হবে।

Learning Activities (শিখন কার্যক্রম)	Resources / Special instructions (রিসোর্স / বিশেষ নির্দেশ)
<ul style="list-style-type: none">এই মডিউলটির ব্যবহার নির্দেশিকা অনুসরণ করতে হবে	<ul style="list-style-type: none">নির্দেশিকা পড়তে হবে।
<ul style="list-style-type: none">ইনফর্মেশন শীট পড়তে হবে	<ul style="list-style-type: none">ইনফর্মেশন শীট ৩.১
<ul style="list-style-type: none">সেলফ চেক শীটে প্রদেয় প্রশ্নগুলোর উত্তর প্রদান করতে হবে এবং প্রদত্ত উত্তর পত্রের সাথে উত্তর মিলিয়ে নিশ্চিত হতে হবে	<ul style="list-style-type: none">সেলফ চেক ৩.১ এবং উত্তরপত্র ৩.১



ইনফরমেশন শিট: ৩.১

ফর্মুলা ও ফাংশনের ব্যবহার

লার্নিং অবজেক্টিভস (শিখন উদ্দেশ্য): এই ইনফরমেশন শীট পড়ে শিক্ষার্থীরা-


১. কাস্টমাইজ স্লাইড ব্যাকগ্রাউন্ড তৈরি করতে পারবে
২. প্রেজেন্টেশনে অ্যানিমেশন প্রয়োগ করতে পারবে
৩. ট্রানজিশন প্রয়োগ করতে পারবে
৪. প্রেজেন্টেশন চেক/রিভিউ করতে পারবে

স্লাইড ব্যাকগ্রাউন্ড কাস্টমাইজেশন



এনিমেশন


পাওয়ারপয়েন্টে এনিমেশন বলতে ভিজুয়াল এফেক্টের ব্যবহার বোঝায় এবং প্রজেন্টেশনগুলিকে উন্নত করতে এবং সেগুলিকে আরও আকর্ষণীয় করে তুলতে অ্যানিমেশন ব্যবহৃত হয়।



স্লাইডে ইফেক্ট অপশন এর ব্যবহার (Use of Effects in Slide) :

ইফেক্ট অপশনের মাধ্যমে আমরা সিলেক্টেড ট্রান্সজিশন এর ভেরিয়েশন আনতে পারি। অর্থাৎ স্লাইডটি লেফট সাইড থেকে আসবে না রাইট সাইড থেকে আসবে ইত্যাদি ডিরেকশন সেট করে দেওয়াই ইফেক্ট অপশন এর কাজ প্রত্যেকটি ট্রান্সজিশন এর আলাদা ইফেক্ট সেট করা যায়। নিচের চিত্রে ইফেক্ট অপশন ব্যবহার করার পদ্ধতি দেখানো হলো।

চিত্র (Figure) ৪




কাজের ধাপ ৪

- ১) প্রথমে প্রয়োজনীয় ট্রান্সজিশন অপশনটি সিলেক্ট করতে হবে।
- ২) এর পর ইফেক্ট অপশন থেকে প্রয়োজনমত ইফেক্ট সেট করে নিতে হবে।

স্লাইডে এনিমেশন সেট করা (Set Animation in Slide) :

সাধারণত স্লাইড ব্যবহৃত কন্টেন্ট গুলো কিভাবে স্ক্রীন এ আসবে সেটা এনিমেশন এর মাধ্যমে সেট করা হয়। অর্থাৎ কন্টেন্ট গুলো উপর থেকে আসবে নাকি স্ক্রীনের নিচ থেকে আসবে। মাইক্রোসফট পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন সেট করা আছে যেমন অ্যাপিয়ার, ফেড, ফ্লাই-ইন রয়েছে। আমরা শুধু প্রয়োজন মত এনিমেশন গুলো কন্টেন্ট এ ব্যবহার করি।

চিত্র (Figure) :




কাজের ধাপ :

- ১) প্রথমে টেক্সট বা কন্টেন্ট সিলেক্ট করতে হবে।
- ২) এর পর এনিমেশন ট্যাব থেকে এ্যানিমেশন অপশন এর উপর ক্লিক করতে হবে।
- ৩) তখন ড্রপডাউন উন্ডো আসবে সেখান থেকে প্রয়োজনীয় এনিমেশনটি সিলেক্ট করতে হবে।

এনিমেশন প্যান চালু করা (Open Animation Pane) :

এনিমেশন প্যান এর মাধ্যমে কন্টেন্ট এ ব্যবহৃত এনিমেশন গুলি কিভাবে প্লে হবে তা নির্ধারণ করা যায়। কোন স্ট্রীনের পর কোন স্ট্রীন আসবে এবং এনিমেশন এর সময়কাল কন্ট্রোল করা হয় এবং কোন এনিমেশনকে রিমুভ করতে হলেও এনিমেশন প্যান থেকে করতে হয়। এছাড়া এনিমেশন প্যান এর মাধ্যমে এনিমেশন এর আর্ডার পরিবর্তন করা যায়। নিচের চিত্রের এনিমেশন প্যান ব্যবহার করার পদ্ধতি দেখানো হলো।

চিত্র (Figure) :



কাজের ধাপ :


- 1) প্রথমে এনিমেশন ব্যবহৃত কন্টেন্ট এর মাউস ক্লিক করতে হবে।
- 2) এরপর এনিমেশন ট্যাব থেকে এনিমেশন প্যান এর উপর ক্লিক করতে হবে।
- 3) তখন এনিমেশন প্যান উইন্ডো ওপেন হবে।

এনিমেশন কন্ট্রোল করা (Control Animation) :

কন্টেন্ট এ ব্যবহৃত এনিমেশন গুলো সাধারণত এনিমেশন প্যান এ সংরক্ষিত থাকে। এনিমেশন গুলোকে কন্ট্রোল করতে হলে প্রথমে এনিমেশন প্যান চালু করতে হয়। তারপর এনিমেশন প্যান এর উপর মাউস ক্লিক করলে এর ডান পাশে ড্রিভুজ আকৃতির একটি আইকন দেখা যায়। সেখানে মাউস ক্লিক করলে একটি ড্রপডাউন উইন্ডো চালু হয়। সেখান থেকে প্রয়োজনীয় অপশনটি সিলেক্ট করতে হয়।

আমরা যদি কোন স্লাইড এবং সবগুলো কন্টেন্ট একটার পর একটা এনিমেটেড হবে এনমটি সেট করতে চাই সেক্ষেত্রে অ্যাপটার প্রিভিয়াস অপশনটি সিলেক্ট করতে হবে।

চিত্র (Figure) :




কাজের ধাপ :

- ১) প্রথমে কন্টেন্ট এর উপর ক্লিক করতে হবে।
- ২) এরপর এনিমেশন প্যান এর উপর ক্লিক করতে হবে।
- ৩) এরপর এনিমেশন প্যান এ অবস্থিত এনিমেশন এর উপর ড্রিভুজ আকৃতির আইকন এর উপর ক্লিক করতে হবে।
- ৪) এরপর ড্রপ ডাউন উইন্ডো থেকে প্রয়োজনীয় অপশনটি সিলেক্ট করতে হবে।

স্লাইডে টাইমিং সেট করা (Set Timing in Slide)ঃ

প্রেজেন্টেশন স্লাইডে টাইমিং সেট করা অন্যতম গুরুত্বপূর্ণ কাজ। পাওয়ার পয়েন্টে প্রেজেন্টেশনে কোন স্লাইড কত সময় স্ক্রিনে থাকবে এবং একটা স্লাইড শেষ হওয়ার পর আরেকটা স্লাইড কত সময় পরে স্ক্রিনে আসবে সেটা সেট করে দেওয়া যায়। স্লাইডটি অটোমেটিক্যালি আসবে নাকি মাউস ক্লিক করার পর আসবে সেটাও সেট করে দেওয়া যায়। নিচের চিত্রে তা দেখানো হলো।

চিত্র (Figure) :




কাজের ধাপ :

- 1) প্রথমে ট্রান্সজিশন ট্যাব এর উপর ক্লিক করতে হবে।
- 2) এর পর যে কোন একটি ট্রান্সজিশন অপশন সিলেক্ট করতে হবে।
- 3) এরপর টাইমিং সেকশন এর ডিউরেশন ফিল্ডে প্রয়োজনীয় টাইম সেট করতে হবে।
- 4) স্লাইডকে অটোমেটিক্যালি চালু করতে হলে অন মাউস ক্লিক অপশন থেকে টিক মার্ক রিমুভ করতে হবে।

স্লাইড শো এর ব্যবহার (Use of Slide Show) :

স্লাইডশো অপশন এর মাধ্যমে তৈরীকৃত প্রেজেন্টেশনটি স্ক্রিনে প্রেজেন্ট করা যায়। প্রেজেন্টেশন ফাইলটি কোন স্লাইড থেকে শুরু হবে কত সময় ধরে চলবে, রিহাৰ্স টাইমিং সেট করা ও রেকর্ড করা ইত্যাদি সব কাজ স্লাইড শো অপশন এর মাধ্যমে করা হয়। প্রেজেন্টেশন স্লাইড তৈরি করার পর স্লাইড শো অপশনের মাধ্যমেই আমরা অডিয়েন্স এর সামনে প্রেজেন্ট করি।

চিত্র (Figure) ৪




কাজের ধাপ :

- ১) প্রথমে স্লাইড শো ট্যাবের উপর মাউস ক্লিক করতে হবে।
- ২) এর পর সেটাপ স্লাইড শো অপশন এর উপর ক্লিক করতে হবে।
- ৩) এর পর প্রয়োজনীয় অপশন সিলেক্ট করে ওকে প্রেস করতে হবে।

মোশন পাথ এর ব্যবহার (Use of Motion Path) :

মোশন পাথ এর মাধ্যমে আমরা কোন একটি অবজেক্ট কে নির্দিষ্ট পাথ এ মুভ করতে পারি। অর্থাৎ কোন অবজেক্ট কে আলাদাভাবে মুভ করানোর জন্যই মোশন পাথ ব্যবহার করা হয়। মাইক্রোসফট পাওয়ার পয়েন্ট পেজেন্টেশন সফটওয়্যার এ বিল্ট ইন কিছু মোশন পাথ ডেভেলপ করা আছে। আমরা প্রয়োজনে এগুলো ব্যবহার করতে পারি। এছাড়া কাস্টম মোশন পাথ অপশন এর মাধ্যমে আমরা ইচ্ছা মত মোশন পাথ ডিজাইন করতে পারি।

চিত্র (Figure)



কাজের ধাপ :

- ১) প্রথমে প্রয়োজন অনুযায়ী অবজেক্ট ইনসার্ট করতে হবে।
- ২) এর পর এনিমেশন ট্যাব থেকে অ্যাড এনিমেশন অপশন এর উপর ক্লিক করতে হবে।
- ৩) তখন ড্রপডাউন উইন্ডো আসবে। সেখান থেকে মোশন পাথ অপশনটি সিলেক্ট করতে হবে।
- ৪) এর পর প্রয়োজনীয় মোশন পাথ টি সিলেক্ট করে ওকে প্রেস করতে হবে।

এছাড়া কাস্টম মোশন পাথ অপশন থেকে প্রয়োজনীয় মোশন পাথ ডিজাইন করে নিতে পারি।


স্লাইডে ট্রানজিশন এর ব্যবহার (Use of Slide Transition) :

পাওয়ারপয়েন্টে স্লাইড ট্রানজিশনগুলি একটি প্রেজেন্টেশনের সময় এক স্লাইড থেকে অন্য স্লাইডে স্থানান্তরিত হওয়ার সময় ঘটে এমন ভিজ্যুয়াল ইফেক্টকে বোঝায়। এই ইফেক্টগুলো স্লাইডগুলোর মধ্যে একটি ভিজ্যুয়াল ট্রানজিশন তৈরি করে যা প্রেজেন্টেশনে আকর্ষণ, পেশাদারিত্ব এবং সুখনেস তৈরি করে।

অর্থাৎ এই অপশন এর মাধ্যমে স্লাইডটি কিভাবে মুভ করবে তা সেট করা হয়। বিভিন্ন ধরনের স্লাইড ট্রানজিশন আছে যেমন কাট, ফেড, পুশ, ওয়াইড, রিভ্যাল, র্যান্ডম বার ইত্যাদি আরও অনেক ট্রানজিশন অপশন রয়েছে। পাওয়ার পয়েন্টে তিন ক্যাটাগরির (Subtle, Exciting, Dynamic Content) স্লাইড ট্রানজিশন আছে।

নিচের চিত্রে স্লাইড ট্রানজিশন অপশন Subtle এর ব্যবহার দেখানো হয়েছে।

চিত্র (Figure) :



একইভাবে Exciting, Dynamic Content এর ইফেক্ট ব্যবহার করা যেতে পারে।

কাজের ধাপঃ

১. প্রথমে ট্রানজিশন ট্যাব এর উপর ক্লিক করতে হবে।
২. এর পর প্রয়োজনীয় স্লাইড ট্রানজিশন অপশন করতে হবে।

সেলফ চেক শীট – ৩.১

প্রশিক্ষার্থীদের জন্য নির্দেশনা: - উপরোক্ত ইনফরমেশন শীট পাঠ করে নিচের প্রশ্নগুলোর উত্তর লিখ-

অতি সংক্ষিপ্ত প্রশ্ন-

১. মোশন পাথ কি?

২. স্লাইডে ইফেক্ট কেন ব্যবহার করা হয়।

৩. একটি স্লাইড চালু থাকা অবস্থায় নতুন আরেকটি স্লাইড চালু করার কিবোর্ড কমান্ড কি?

৪. কমান্ডের মাধ্যমে মাইক্রোসফট পেজেন্টেশন সফটওয়্যার চালু করতে হলে রান উইন্ডোতে কি লিখতে হয়?

৫. মাইক্রোসফট পেজেন্টেশন সফটওয়্যার এর ফাইল এক্সটেনশন কি?

উত্তরপত্র-৩.১

১. মোশন পাথ হচ্ছে কোন অবজেক্টকে একটি নির্দিষ্ট পাথ এ মুভ করার জন্য ব্যবহৃত টুলস।

২. উত্তরঃ ইফেক্ট অপশনের মাধ্যমে আমরা সিলেক্টেড ট্রান্সজিশন এর ভেরিয়েশন আনতে পারি। অর্থাৎ স্লাইডটি লেফট সাইড থেকে আসবে না রাইট সাইড থেকে আসবে ইত্যাদি ডিরেকশন সেট করে দেওয়াই ইফেক্ট অপশন এর কাজ প্রত্যেকটি ট্রান্সজিশন এর আলাদা ইফেক্ট সেট করা যায়।

৩. Ctrl + N।

৪. Powerpnt

৫. .pptx

জব শীট ৩.১

জবের নামঃ পাওয়ার পয়েন্ট সফটওয়্যার ব্যবহার করে প্রেজেন্টেশন তৈরি করুন।

সময়ঃ ৪৫ মিনিট

Method of preparation / procedure (কর্ম-পদ্ধতি)

১. প্রয়োজনীয় পিপিই (PPE) সংগ্রহ ও পরিধান করুন।
২. প্রয়োজনীয় যন্ত্রপাতি সংগ্রহ করুন।
৩. কম্পিউটার চালু করুন।
৪. পাওয়ার পয়েন্ট সফটওয়্যার চালু করুন।
৫. স্পেসিফিকেশন শীট অনুযায়ী প্রেজেন্টেশনটি তৈরি করুন।
৬. প্রেজেন্টেশনটি নির্দিষ্ট ড্রাইভে শেভ করুন।
৭. ওয়ার্ক স্টেশন পরিষ্কার করুন।
৮. কম্পিউটার বন্ধ করুন।

স্পেসিফিকেশন শীটঃ ৩.১

জবের নামঃ পাওয়ার পয়েন্ট সফটওয়্যার ব্যবহার করে প্রেজেন্টেশন তৈরি করুন।

সময়ঃ ৪৫ মিনিট

জবের প্রয়োজনীয় শর্তসমূহঃ

১. নতুন প্রেজেন্টেশন ফাইল তৈরি করুন।
২. মাই প্রেজেন্টেশন নামে সেভ করুন।
৩. চতুর্থ শিল্প বিপ্লব বিষয়ের এর উপর পাঁচ থেকে ৭ টি স্লাইড তৈরি করুন।
৪. টাইটেল টেক্সট এর জন্য ৩২ সাইজের ফন্ট ব্যবহার করুন।
৫. বডি টেক্সট এর জন্য ফন্ট সাইজ ২৪ সেট করুন।
৬. স্লাইড ট্রান্সজিশন ব্যবহার করুন।
৭. অবজেক্ট সমূহে এনিমেশন ব্যবহার করুন।

প্রদত্ত জব সম্পন্ন করার জন্য প্রয়োজনীয় টুলস, ইকুইপমেন্ট, ও ম্যাটেরিয়ালের তালিকা নিচে দেওয়া হল।

Required Personal protective Equipment (PPE) (প্রয়োজনীয় পিপিই)

ক্রমিক নং	নাম	স্পেসিফিকেশন	একক	পরিমাণ
০১	আই প্রোটেকশন গ্লাস	--	পিস	১
০২	রাবার স্যাডেল	--	জোড়া	১
০৩	আর্গোনোমিক চেয়ার	--	পিস	১

Required Tools Equipment: প্রয়োজনীয় যন্ত্রপাতি/ সরঞ্জাম

ক্রমিক নং	নাম	স্পেসিফিকেশন	একক	পরিমাণ
০১	কম্পিউটার	--	পিস	১
০২	কিবোর্ড	--	জোড়া	১
০৩	মাউস	--	পিস	১
০৪	মনিটর	--	পিস	১

শিখনফল-৪ (Learning Outcome): স্লাইড মাস্টার প্রয়োগ করতে পারবে

বিষয়বস্তু (Content):

১. স্লাইড মাস্টার
২. স্লাইড লে-আউট
৩. স্লাইড মাস্টার অপশন
 - মাস্টার লে-আউট
 - প্লেসহোল্ডার
 - টাইটেল
 - ফুটার
 - ব্যাকগ্রাউন্ড স্টাইল

মূল্যায়ন মানদণ্ড (Assessment Criteria):

১. স্লাইড মাস্টার থেকে স্লাইড লে-আউট নির্বাচন করতে সক্ষম হয়েছে
২. প্রয়োজন অনুযায়ী স্লাইড লে-আউট কাস্টমাইজ করতে সক্ষম হয়েছে
৩. প্রয়োজন অনুযায়ী স্লাইড মাস্টার অপশন প্রয়োগ করতে সক্ষম হয়েছে
৪. মাস্টার ভিউ ক্লোজ করতে সক্ষম হয়েছে

শর্তাবলী (Conditions):

কাজের সময় শিক্ষার্থীকে অবশ্যই নিম্নোক্ত বিষয়সমূহ সরবরাহ করতে হবে:

১. প্রকৃত কর্মক্ষেত্র অথবা প্রশিক্ষণ পরিবেশ
২. পিপিই, সরঞ্জাম ও উপকরণ
৩. যন্ত্রপাতি

শিখন উপকরণ (Learning Materials):

১. বই, ম্যানুয়াল
২. মডিউল / রেফারেন্স
৩. সিবিএলএম
৪. হ্যান্ডআউটস
৫. ল্যাপটপ
৬. প্রিন্টার
৭. মাল্টিমিডিয়া প্রোজেক্টর
৮. হোয়াইট বোর্ড ও মার্কার
৯. ইন্টারনেট ফ্যাসিলিটিস
১০. কাগজ
১১. কলম

শিখন কার্যক্রম (Learning Activity)

এই শিখনফল অর্জনের লক্ষ্যে শিখনফলে অন্তর্ভুক্ত বিষয়বস্তু এবং কর্মক্ষমতা মানদণ্ড অর্জনের জন্য নিম্নবর্ণিত কার্যক্রমগুলো পর্যায়ক্রমে সম্পাদন করতে হবে কার্যক্রমগুলোর জন্য পাশ্বে বর্ণিত রিসোর্স সমূহ ব্যবহার করতে হবে।

Learning Activities (শিখন কার্যক্রম)	Resources / Special instructions (রিসোর্স / বিশেষ নির্দেশ)
<ul style="list-style-type: none">এই মডিউলটির ব্যবহার নির্দেশিকা অনুসরণ করতে হবে	<ul style="list-style-type: none">নির্দেশিকা পড়তে হবে।
<ul style="list-style-type: none">ইনফর্মেশন শীট পড়তে হবে	<ul style="list-style-type: none">ইনফর্মেশন শীট ৪.১
<ul style="list-style-type: none">সেলফ চেক শীটে প্রদেয় প্রশ্নগুলোর উত্তর প্রদান করতে হবে এবং প্রদত্ত উত্তর পত্রের সাথে উত্তর মিলিয়ে নিশ্চিত হতে হবে	<ul style="list-style-type: none">সেলফ চেক ৪.১ এবং উত্তরপত্র ৪.১

ইনফরমেশন শিট: ৪.১

স্লাইড মাস্টার

লার্নিং অবজেক্টিভস (শিক্ষার উদ্দেশ্য): এই ইনফরমেশন শীট পড়ে শিক্ষার্থীরা-


১. স্লাইড মাস্টার থেকে স্লাইড লে-আউট নির্বাচন করতে পারবে
২. স্লাইড লে-আউট কাস্টমাইজ করতে পারবে
৩. স্লাইড মাস্টার অপশন প্রয়োগ করতে পারবে
৪. মাস্টার ভিউ ক্রোজ করতে পারবে

স্লাইড মাস্টার (Slide Master) ৪

পাওয়ারপয়েন্টে, স্লাইড মাস্টার একটি গুরুত্বপূর্ণ ফিচার যা সামগ্রিক লেআউট, ফরম্যাট এবং ডিজাইন এলিমেন্টগুলোকে ডিফাইন করতে দেয় যা একটি প্রেজেন্টেশনে সমস্ত স্লাইডে ধারাবাহিকভাবে ব্যবহার করা যায়। স্লাইড মাস্টার ব্যবহার করে, অল্প সময়ে সমগ্র প্রেজেন্টেশনে একটি কন্সিস্ট্যান্ট লুক প্রদান করা যায়।

অনেক সময় কিছু কনটেন্ট যেমন লোগো, কোম্পানী অ্যাড্রেস ইত্যাদি প্রত্যেক স্লাইডে রাখার প্রয়োজন হয়। প্রত্যেক স্লাইডে বার বার একই কনটেন্ট যাতে সংযুক্ত না করা লাগে এই জন্য স্লাইড মাস্টার ব্যবহার করা হয়। স্লাইড মাস্টার এ একবার কোনো কনটেন্ট অ্যাড করলে পরবর্তিতে তা আর অ্যাড করার দরকার হয় না। এক্ষেত্রে শুধু মাত্র নিউ স্লাইড করলেই ঐ কনটেন্টটি চলে আসে। স্লাইডমাস্টার এ অনেকগুলো লে-আউট আছে। সেখান থেকে প্রয়োজন মত লে-আউট টি ব্যবহার করতে হবে।

চিত্র (Figure) ৪




কাজের ধাপ :

১. প্রথমে ভিউ ট্যাব থেকে স্লাইড মাস্টার অপশন এর উপর ক্লিক করতে হবে।
২. এরপর প্রয়োজন অনুযায়ী লে-আউট টি সিলেক্ট করতে হবে।
৩. এরপর স্লাইড ডিজাইন করতে হবে।
৪. সবশেষে ক্লোজ মাস্টার ভিউ অপশন এর উপর ক্লিক করে স্লাইড মাস্টার ক্লোজ করতে হবে।

স্লাইড মাস্টার এ স্লাইড ডিজাইন করা (Design Slide in Slide Master) :

স্লাইড মাস্টার এ প্রয়োজনীয় সব কনটেন্টই অ্যাড করা যায়। যেমন নিচের চিত্রে লোগো সহ টাইটেল হিসাবে জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ লেখাটি ইনসার্ট করা হয়েছে। এছাড়া ফুটারে ডেইট, পেইজ নাম্বার সহ আরও কিছু টেক্সট অ্যাড করা যেতে পারে। স্লাইডকে আরও আকর্ষণীয় করে তুলতে প্রয়োজনে অন্য কোন সেইপ, অবজেক্ট ও অ্যানিমেশন অ্যাড করা যেতে পারে। ডিজাইন শেষে অবশ্যই স্লাইড মাস্টার টি ক্লোজ করতে হবে।

চিত্র (Figure) :




কাজের ধাপ :

১. প্রথমে স্লাইড মাস্টার ট্যাব এর উপর ক্লিক করতে হবে।
২. এরপর প্রয়োজন অনুযায়ী স্লাইডটি ডিজাইন করতে হবে।
৩. এরপর ক্লোজ স্লাইড মাস্টার ভিউ অপশন এর উপর ক্লিক করতে হবে।

স্লাইড মাস্টার থেকে নিউ স্লাইড তৈরি করা (Create new Slide from Slide Master) :

স্লাইড মাস্টার ক্লোন করার পর ডিজাইনটি প্রেজেন্টেশন ফাইলে চলে আসবে। তখন ঐ স্লাইডের উপর মাউস এর রাইট বাটন প্রেস করলে নতুন উইন্ডো আসে সেখান থেকে নিউ স্লাইড সিলেক্ট করলে ঐ ডিজাইন সম্বলিত নতুন স্লাইড তৈরি হয়। নিচের চিত্রে স্লাইড মাস্টার থেকে নিউ স্লাইড তৈরি করার পদ্ধতি দেখানো হয়েছে।

চিত্র (Figure) :




কাজের ধাপ :

১. প্রথমে নির্দিষ্ট স্লাইড এর উপর মাউস এর রাইট বাটন প্রেস করতে হবে।
২. এরপর নতুন উইন্ডো আসবে। সেখান থেকে নিউ স্লাইড অপশনটি সিলেক্ট করতে হবে।

স্লাইড মাস্টার অপশন


প্লেসহোল্ডার

প্লেসহোল্ডার হল একটি প্রিফরম্যাট করা কন্টেনার বা ফ্রেম যা একটি স্লাইড লেআউট বা স্লাইড মাস্টারের মধ্যে নির্দিষ্ট ধরনের কন্টেন্ট ধারণ করে। এটি প্রিডিফাইন এরিয়া প্রদান করে যা প্রেজেন্টেশনকে সু-সংগঠিত এবং ম্যানেজ করতে সহায়তা করে যেখানে আপনি সহজেই টেক্সট, ইমেজ, চার্ট, টেবিল এবং অন্যান্য ম্যাটেরিয়ালস ইনসার্ট ও ম্যানেজ করতে পারেন।




টাইটেল এন্ড ফুটারঃ

স্লাইডমাস্টারে আমরা এই অপশনের মাধ্যমে সহজেই টাইটেল ও ফুটার অ্যাড করতে পারি।




ব্যাকগ্রাউন্ড স্টাইলঃ

ব্যাকগ্রাউন্ড স্টাইল অপশন ব্যবহার করে আমরা খুব সহজেই ব্যাকগ্রাউন্ডের কালার ও স্টাইল পরিবর্তন করতে পারি।



মাস্টার ভিউ ক্লোজ করা

স্লাইড মাস্টারে প্রয়োজনীয় ডিজাইন সম্পন্ন করে অবশ্যই মাস্টার ভিউ ক্লোজ করতে হবে।



সেলফ চেক শিট – ৪.১

প্রশিক্ষনার্থীদের জন্য নির্দেশনা: - উপরোক্ত ইনফরমেশন শীট পাঠ করে নিচের প্রশ্নগুলোর উত্তর লিখ-

অতি সংক্ষিপ্ত প্রশ্ন-

১. স্লাইড মাস্টার কি?

২. স্লাইড মাস্টারে প্লেসহোল্ডার কি কাজে ব্যবহার করা হয়?

৩. স্লাইড মাস্টারে মাস্টারভিউ অপশন কেন ক্লোজ করার দরকার হয়?

উত্তরপত্র- ৪.১

১. স্লাইড মাস্টার কি?

উত্তরঃ স্লাইড মাস্টার একটি শক্তিশালী ফিচার যা সামগ্রিক লেআউট, ফরম্যাট এবং ডিজাইন এলিমেন্টগুলোকে ডিফাইন করতে দেয় যা একটি প্রেজেন্টেশনে সমস্ত স্লাইডে ধারাবাহিকভাবে ব্যবহার করা যায়। স্লাইড মাস্টার ব্যবহার করে, অল্প সময়ে সমগ্র প্রেজেন্টেশনে একটি কন্সিস্ট্যান্ট লুক প্রদান করা যায়।

২. স্লাইড মাস্টারে প্লেসহোল্ডার কি কাজে ব্যবহার করা হয়?

উত্তরঃ প্লেসহোল্ডার হল একটি প্রিফরম্যাট করা কন্টেইনার বা ফ্রেম যা একটি স্লাইড লেআউট বা স্লাইড মাস্টারের মধ্যে নির্দিষ্ট ধরনের কন্টেন্ট ধারণ করে। এটি প্রিডিফাইনড এরিয়া প্রদান করে যা প্রেজেন্টেশনকে সু-সংগঠিত এবং ম্যানেজ করতে সহায়তা করে যেখানে আপনি সহজেই টেক্সট, ইমেজ, চার্ট, টেবিল এবং অন্যান্য ম্যাটেরিয়ালস ইনসার্ট ও ম্যানেজ করতে পারেন।

৩. স্লাইড মাস্টারে মাস্টারভিউ অপশন কেন ক্লোজ করার দরকার হয়?

উত্তরঃ স্লাইড মাস্টার অপশনটি চালু করলে স্লাইডমাস্টারের বিভিন্ন কাজ সম্বলিত মাস্টারভিউ অপশনটি খোলা থাকে। মাস্টারভিউ অপশনটি খোলা অবস্থায় মূল স্লাইডে যাওয়া যায় না। সেক্ষেত্রে আগে মাস্টারভিউ অপশনটি ক্লোজ করে নিতে হয়।

জব শীট ৪.১


জবের নামঃ স্লাইড মাস্টার ব্যবহার করে একটি স্লাইড তৈরি করুন।

সময়ঃ ১ ঘন্টা

Method of preparation / procedure (কর্ম-পদ্ধতি)

১. প্রয়োজনীয় পিপিই (PPE) সংগ্রহ ও পরিধান করুন।
২. প্রয়োজনীয় যন্ত্রপাতি সংগ্রহ করুন।
৩. কম্পিউটার চালু করুন।
৪. প্রেজেন্টেশন সফটওয়্যার চালু করুন।
৫. স্পেসিফিকেশন শীট অনুযায়ী প্রেজেন্টেশন স্লাইডটি তৈরি করুন।
৬. প্রেজেন্টেশনটি নির্দিষ্ট ড্রাইভে শেভ করুন।
৭. ওয়ার্ক স্টেশন পরিষ্কার করুন।
৮. কম্পিউটার বন্ধ করুন।

নমুনাঃ



স্পেসিফিকেশন শীটঃ ৪.১

জবের নামঃ স্লাইড মাস্টার ব্যবহার করে একটি স্লাইড তৈরি করুন।

সময়ঃ ৩০ মিনিট

প্রদত্ত জব সম্পন্ন করার জন্য প্রয়োজনীয় টুলস, ইকুইপমেন্ট, ও ম্যাটেরিয়ালের তালিকা নিচে দেওয়া হল।

Required Personal Protective Equipment (PPE) (প্রয়োজনীয় পিপিই)

ক্রমিক নং	নাম	স্পেসিফিকেশন	একক	পরিমাণ
০১	আই প্রোটেকশন গ্লাস		পিস	১
০২	রাবার স্যাঙ্কেল		জোড়া	১
০৩	আর্গোনোমিক চেয়ার		পিস	১

Required Tools Equipment: প্রয়োজনীয় যন্ত্রপাতি/ সরঞ্জাম

ক্রমিক নং	নাম	স্পেসিফিকেশন	একক	পরিমাণ
০১	কম্পিউটার		পিস	১
০২	কিবোর্ড		জোড়া	১
০৩	মাউস		পিস	১
০৪	মনিটর		পিস	১

শিখনফল-৫ (Learning Outcome): প্রেজেন্টেশন প্রিন্ট ও ট্রান্সফার করতে পারবে

বিষয়বস্তু (Content):

১. প্রিন্টার সেটিংস
২. প্রিন্টার সেটিংস
 - Collated
 - Print layout
 - Handouts
 - Page Orientation
 - Paper Size
 - Page Per sheet
 - Color
 - Header & footer
৩. প্রেজেন্টেশন স্লাইড প্রিন্ট করা
৪. প্রেজেন্টেশন ট্রান্সফার পদ্ধতি
৫. স্টোরেজ মিডিয়া
 - USB Pen drive
 - Portable Hard drive
 - Optical Disk
৬. প্রেজেন্টেশন এক্সপোর্ট করা
 - Pdf
 - Video
 - Handouts
 - Package for CD

মূল্যায়ন মানদণ্ড (Assessment Criteria):

১. প্রিন্টার সেটিংস নিশ্চিত এবং প্রিন্টার নির্বাচন করতে সক্ষম হয়েছে
২. প্রেজেন্টেশন স্লাইড প্রিন্ট করতে সক্ষম হয়েছে
৩. স্টোরেজ মিডিয়া ব্যবহার করে ডকুমেন্ট ট্রান্সফার করতে সক্ষম হয়েছে
৪. প্রেজেন্টেশন এর জন্য উপযুক্ত প্রিন্ট ফরম্যাট নির্বাচন করতে সক্ষম হয়েছে
৫. প্রত্যাশিত ফরম্যাট অনুযায়ী প্রেজেন্টেশন এক্সপোর্ট করতে সক্ষম হয়েছে

শর্তাবলী (Conditions):

কাজের সময় শিক্ষার্থীকে অবশ্যই নিম্নোক্ত বিষয়সমূহ সরবরাহ করতে হবে:

১. প্রকৃত কর্মক্ষেত্র অথবা প্রশিক্ষণ পরিবেশ
২. পিপিই, সরঞ্জাম ও উপকরণ
৩. যন্ত্রপাতি

শিখন উপকরণ (Learning Materials):

১. বই, ম্যানুয়াল
২. মডিউল / রেফারেন্স
৩. সিবিএলএম
৪. হ্যান্ডআউটস
৫. ল্যাপটপ
৬. প্রিন্টার

৭. মাল্টিমিডিয়া প্রোজেক্টর
৮. হোয়াইট বোর্ড ও মার্কার
৯. ইন্টারনেট ফ্যাসিলিটিস
১০. কাগজ
১১. কলম

শিখন কার্যক্রম (Learning Activity)

এই শিখনফল অর্জনের লক্ষ্যে শিখনফলে অন্তর্ভুক্ত বিষয়বস্তু এবং কর্মক্ষমতা মানদণ্ড অর্জনের জন্য নিম্নবর্ণিত কার্যক্রমগুলো পর্যায়ক্রমে সম্পাদন করতে হবে কার্যক্রমগুলোর জন্য পাশ্বে বর্ণিত রিসোর্স সমূহ ব্যবহার করতে হবে।

Learning Activities (শিখন কার্যক্রম)	Resources / Special instructions (রিসোর্স / বিশেষ নির্দেশ)
<ul style="list-style-type: none">এই মডিউলটির ব্যবহার নির্দেশিকা অনুসরণ করতে হবে	<ul style="list-style-type: none">নির্দেশিকা পড়তে হবে।
<ul style="list-style-type: none">ইনফর্মেশন শীট পড়তে হবে	<ul style="list-style-type: none">ইনফর্মেশন শীট ৫.১
<ul style="list-style-type: none">সেলফ চেক শীটে প্রদেয় প্রশ্নগুলোর উত্তর প্রদান করতে হবে এবং প্রদত্ত উত্তর পত্রের সাথে উত্তর মিলিয়ে নিশ্চিত হতে হবে	<ul style="list-style-type: none">সেলফ চেক ৫.১ এবং উত্তরপত্র ৫.১

ইনফরমেশন শিট: ৫.১

ডকুমেন্ট প্রিন্ট ও ট্রান্সফার করতে পারবে

লার্নিং অবজেক্টিভস (শিক্ষার উদ্দেশ্য): এই ইনফরমেশন শীট পড়ে শিক্ষার্থীগণ-

১. প্রিন্টার সেটিংস নিশ্চিত এবং প্রিন্টার নির্বাচন করতে পারবে
২. প্রেজেন্টেশন স্লাইড প্রিন্ট করতে পারবে
৩. স্টোরেজ মিডিয়া ব্যবহার করে ডকুমেন্ট ট্রান্সফার করতে পারবে
৪. প্রেজেন্টেশন এর জন্য উপযুক্ত প্রিন্ট ফরম্যাট নির্বাচন করতে পারবে
৫. প্রত্যাশিত ফরম্যাট অনুযায়ী প্রেজেন্টেশন এক্সপোর্ট করতে পারবে

১. প্রিন্টার সেটিংস


প্রিন্টার সেটিংস কাস্টমাইজযোগ্য অপশনগুলোকে নির্দেশ করে যার মাধ্যমে ডকুমেন্ট প্রিন্ট করার জন্য প্রয়োজনীয় অ্যাডজাস্টমেন্টসমূহ সম্পন্ন করা হয়। এই সেটিংসে পেইজ অরিয়েন্টেশন (পোর্ট্রেট বা ল্যান্ডস্কেপ), কাগজের সাইজ, প্রিন্টের কোয়ালিটি, রঙিন বা সাদা কালো প্রিন্টিং, বোথ অর সিঙ্গেল সাইড প্রিন্ট এবং আরও অন্যান্য অপশনগুলো অন্তর্ভুক্ত থাকে। সেটিংস অ্যাডজাস্ট করে, প্রয়োজন অনুসারে প্রিন্টকে অপ্টিমাইজ করা যেতে পারে। প্রিন্টার সফটওয়্যারের সেটিংস বা প্রিফারেন্স অপশনের মাধ্যমে প্রিন্টার সেটিংস অ্যাক্সেস এবং পরিবর্তন করা যায়।

সিঙ্গেল/ বোথ সাইড প্রিন্ট

পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশনে, কাগজের সিঙ্গেল বা উভয় পাশে ডকুমেন্টটি প্রিন্ট করতে হবে তা বেছে নিতে হয়। নিচে প্রতিটি অপশনের একটি করে ব্যাখ্যা দেওয়া হলো:

সিঙ্গেল-পার্শ্বযুক্ত প্রিন্ট: সিঙ্গেল-পার্শ্বযুক্ত প্রিন্ট, যা সিমপ্লেক্স প্রিন্টিং নামেও পরিচিত, এর অর্থ হল ডকুমেন্ট কাগজের শুধুমাত্র একপাশে প্রিন্ট হবে। এ ক্ষেত্রে প্রতিটি পৃষ্ঠা কাগজের একটি পৃথক শীট দখল করবে।

ডাবল-পার্শ্বযুক্ত প্রিন্ট: ডাবল-পার্শ্বযুক্ত প্রিন্ট, যা ডুপ্লেক্স প্রিন্ট হিসাবেও উল্লেখ করা হয়, কাগজের উভয় পাশে প্রিন্ট করার ক্ষেত্রে এই অপশনটি ব্যবহার করা হয়। এই অপশনের সাহায্যে, ডকুমেন্টের বিষয়বস্তু প্রথমে কাগজের একপাশে প্রিন্ট করা হবে, এবং তারপর কাগজটি স্বয়ংক্রিয়ভাবে উল্টে যাবে বা অন্য দিকে প্রিন্টের জন্য উল্টে যাবে। এটি কাগজের অপচয় কমাতে সাহায্য করে। সাধারণত রিপোর্ট, ম্যানুয়াল এবং উপস্থাপনার মতো বড় ডকুমেন্টের জন্য এই অপশনটি ব্যবহৃত হয়।



পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশনে এ পছন্দসই প্রিন্ট অপশন নির্বাচন করতে, নিচের পদক্ষেপগুলো অনুসরণ করতে হবে:

১. পাওয়ার পয়েন্ট উইন্ডোর উপরের বাম কোণে "ফাইল" ট্যাবে ক্লিক করতে হবে।
২. বাম দিকের মেনু থেকে "প্রিন্ট" অপশন নির্বাচন করতে হবে।
৩. প্রিন্ট সেটিংসে, " প্রিন্ট ওয়ান স্লাইড পার পেইজ " বা "উভয় দিকে প্রিন্ট" নামে একটি অপশন দেখা যাবে।
৪. সেখান থেকে প্রয়োজনীয় অপশনটি নির্বাচন করতে হবে।
৫. প্রয়োজন অনুযায়ী যেকোনো অতিরিক্ত প্রিন্ট সেটিংস অ্যাডজাস্ট করা যেতে পারে।
৬. নির্বাচিত সেটিংস সহ স্লাইড প্রিন্ট শুরু করতে "প্রিন্ট" বাটনে ক্লিক করতে হবে।

Handouts Print

হ্যান্ডআউট প্রিন্ট বলতে হ্যান্ডআউট হিসাবে অডিয়েন্সের কাছে বিতরণের জন্য উপযুক্ত ফরম্যাটে প্রেজেন্টেশন স্লাইডগুলি প্রিন্টের প্রক্রিয়াকে বোঝায়। হ্যান্ডআউটগুলি সাধারণত প্রতি পৃষ্ঠায় একাধিক স্লাইড হিসাবে প্রিন্ট হয়।

কোলেটেড ও আনকোলেটেড প্রিন্টিং

কোলেটেড এবং আনকোলেটেড প্রিন্টিং হল একটি ফাইলের একাধিক কপি প্রিন্ট করার ক্রম সম্পর্কিত অপশন। নিচে কোলেটেড ও আনকোলেটেড প্রিন্টিংয়ের মধ্যে পার্থক্য দেখানো হলো:

কোলেটেড প্রিন্টিং: যখন আপনি কোলেটেড প্রিন্টিং বিকল্পটি নির্বাচন করেন, এর অর্থ হল আপনি যখন একটি ফাইলের একাধিক কপি প্রিন্ট করেন, তখন প্রিন্টার প্রতিটি অনুলিপির জন্য পৃষ্ঠাগুলিকে ক্রমানুসারে সাজিয়ে রাখবে। উদাহরণস্বরূপ, যদি আপনি একটি ৫-পৃষ্ঠার ফাইলের তিনটি কপি প্রিন্ট করেন, তাহলে প্রিন্টার প্রথম কপির জন্য ১ থেকে ৫ পৃষ্ঠা, তারপর দ্বিতীয় কপির জন্য ১ থেকে ৫ পৃষ্ঠাগুলি প্রিন্ট করবে। এই ব্যবস্থাটি পৃষ্ঠাগুলিকে ম্যানুয়ালি বাছাই না করে মুদ্রিত অনুলিপিগুলিকে সংগঠিত করা সহজ করে তোলে।

আনকোলেটেড প্রিন্টিং: অন্যদিকে, আনকোলেটেড প্রিন্টিং মানে হল প্রিন্টার পৃষ্ঠাগুলোকে ক্রমানুসারে সাজিয়ে না রেখে নথির প্রতিটি কপি আলাদাভাবে প্রিন্ট করবে। উপরের মতো একই উদাহরণ ব্যবহার করে, আপনি যদি আনকোলেটেড প্রিন্টিং নির্বাচন করেন, তাহলে প্রিন্টার প্রথমে প্রথম প্রিন্টের জন্য সমস্ত পৃষ্ঠা, তারপর দ্বিতীয় প্রিন্টের জন্য সমস্ত পৃষ্ঠা প্রিন্ট করবে। এর ফলে প্রতিটি অনুলিপির জন্য পৃষ্ঠাগুলো সেট তৈরি হয় যা পরে ম্যানুয়ালি সাজানো বা সংযোজিত করা প্রয়োজন হবে।

স্লাইড অরিয়েন্টেশন

স্লাইড অরিয়েন্টেশন বলতে একটি ডকুমেন্টের বিন্যাসকে বোঝায়, এটি পোর্ট্রেট (উল্লম্ব) বা ল্যান্ডস্কেপ (অনুভূমিক) বিন্যাসে প্রিন্ট হবে কিনা তা নির্ধারণ করে। প্রেজেন্টেশনে পেইজ অরিয়েন্টেশন সিলেকশন একটি গুরুত্বপূর্ণ বিষয় কারণ এটি বিষয়বস্তু কীভাবে প্রদর্শিত হয় তা নির্দেশ করে।


২. পেপার সাইজ

প্রেজেন্টেশন প্রিন্ট করার সময় পেপার সাইজ নির্ধারণ করার প্রয়োজন হয়। ডকুমেন্টের বিষয়বস্তু সঠিকভাবে অ্যালাইন করা এবং নির্ধারিত কাগজের মধ্যে ফিট করার জন্য পেপার সাইজ নির্ধারণ করতে হয়। কম্পিউটারে বাই-ডিফল্ট লেটার সাইজ পেপার সিলেক্ট করা থাকে। আমরা সাধারণত ডকুমেন্ট প্রিন্ট করার জন্য A4 সাইজের পেপার এবং কিছু ক্ষেত্রে লিগ্যাল সাইজের পেপার ব্যবহার করে থাকি।




Color

কালার অপশনটির মাধ্যমে আমরা ডকুমেন্টটি রঙিন না সাদা কালো প্রিন্ট হবে তা নির্ধারণ করে থাকি।



Header & Footer

হেডার ও ফুটার প্রেজেন্টেশনের একটি এলিমেন্ট যা একটি প্রেজেন্টেশনে ধারাবাহিক তথ্য বা ব্র্যান্ডিং প্রদান করতে স্লাইডে ইনসার্ট করা হয়।



৩. প্রেজেন্টেশন স্লাইড প্রিন্ট করার পদ্ধতি


Presentation এ প্রিন্টার সেটিংস অ্যাক্সেস করতে, এই পদক্ষেপগুলি অনুসরণ করতে হবে:

১. প্রথমে যে ফাইলটি প্রিন্ট করতে চায় প্রথমে তা খুলতে হবে।
২. স্ক্রিনের উপরের বাম কোণে "ফাইল" ট্যাবে ক্লিক করতে হবে।
৩. বামদিকের মেনুতে "প্রিন্ট" অপশনে ক্লিক করতে হবে।
৪. "প্রিন্টার" সেকশনে, ড্রপ-ডাউন মেনু থেকে যে প্রিন্টারটি ব্যবহার করতে চায় সেটি নির্বাচন করতে হবে।

৫. যদি অন্য কোনো প্রিন্টার সেটিংস পরিবর্তন করতে চায়, তাহলে প্রিন্টারের সেটিংস উইন্ডো খুলতে "প্রিন্টার প্রোপারটিজ" এ ক্লিক করতে হবে।
৬. প্রিন্টার সেটিংস উইন্ডোতে, পেপার সাইজ, প্রিন্টিং কোয়ালিটি, ডুপ্লেক্স প্রিন্টিং এবং আরও বিভিন্ন সেটিংস প্রয়োজন অনুযায়ী অ্যাডজাস্ট করে নিতে হবে।
৭. নির্বাচিত সেটিংস সহ প্রিন্টারে ডকুমেন্ট পাঠাতে "প্রিন্ট" বাটনে ক্লিক করতে হবে।

প্রেজেন্টেশন ট্রান্সফার পদ্ধতি

১. প্রেজেন্টেশন ফাইল ট্রান্সফার করতে হলে প্রথমে যে স্টোরেজ ডিভাইসে ফাইলটি ট্রান্সফার করতে হবে সেটিকে কম্পিউটারের সাথে কানেক্ট করতে হবে।
২. এরপর নির্দিষ্ট ফাইলের উপর মাউসের রাইট বাটন ক্লিক করতে হবে।
৩. তখন নতুন উইন্ডো থেকে Send to অপশনের উপর মাউসের কার্সর রাখতে হবে। সেখান থেকে কানেক্টেড স্টোরেজ ডিভাইসের সিম্বল সহ নতুন উইন্ডো আসবে।
৪. এরপর স্টোরেজ ডিভাইসটি সিলেক্ট করলেই ফাইলটি ট্রান্সফার হয়ে যাবে।




স্টোরেজ মিডিয়া

স্টোরেজ মিডিয়া, ডেটা স্টোরেজ মিডিয়া নামেও পরিচিত, ডিজিটাল ডেটা সংরক্ষণ করতে ব্যবহৃত ফিজিক্যাল ডিভাইসকে বোঝায়। ম্যাগনেটিক ডিস্ক, অপটিক্যাল ডিস্ক, সলিড-স্টেট ড্রাইভ (এসএসডি), ইউএসবি ফ্ল্যাশ ড্রাইভ, মেমরি কার্ড এবং বিভিন্ন ধরনের স্টোরেজ মিডিয়া রয়েছে।

প্রেজেন্টেশন এক্সপোর্ট করা

প্রেজেন্টেশন ফাইলটি আমরা সহজেই এক্সপোর্ট করতে পারি। নিচে এক্সপোর্ট করার পদ্ধতি দেখানো হলোঃ

- ১। প্রথমে ফাইল ট্যাবে গিয়ে Export অপশনে ক্লিক করতে হবে।
- ২। এরপর Create PDF/ XPS Document সিলেক্ট করে Create PDF/ XPS অপশনে ক্লিক করতে হবে।
- ৩। এরপর ফাইলের সঠিক নাম দিয়ে Publish বাটনে ক্লিক করতে হবে।



একইভাবে Video, Handouts, Package Presentation for CD ইত্যাদি অপশন ব্যবহার করে প্রয়োজন ডকুমেন্ট এক্সপোর্ট করা যায়।

সেলফ চেক শিট – ৬.১

প্রশিক্ষার্থীদের জন্য নির্দেশনা: - উপরোক্ত ইনফরমেশন শীট পাঠ করে নিচের প্রশ্নগুলোর উত্তর লিখ-

অতি সংক্ষিপ্ত প্রশ্ন-

১. হ্যান্ডআউট প্রিন্ট বলতে কি বোঝায়?
২. কোলেটেড ও আনকোলেটেড প্রিন্টিং কি?
৩. প্রেজেন্টেশন স্লাইড প্রিন্ট করার পদ্ধতি লিখ।

উত্তরপত্র- ৬.১

১. হ্যান্ডআউট প্রিন্ট বলতে কি বোঝায়?

উত্তরঃ হ্যান্ডআউট প্রিন্ট বলতে হ্যান্ডআউট হিসাবে অডিয়েন্সের কাছে বিতরণের জন্য উপযুক্ত ফরম্যাটে প্রেজেন্টেশন স্লাইডগুলি প্রিন্টের প্রক্রিয়াকে বোঝায়। হ্যান্ডআউটগুলি সাধারণত প্রতি পৃষ্ঠায় একাধিক স্লাইড হিসাবে প্রিন্ট হয়।

২. কোলেটেড ও আনকোলেটেড প্রিন্টিং কি?

উত্তরঃ কোলেটেড প্রিন্টিং: যখন আপনি কোলেটেড প্রিন্টিং বিকল্পটি নির্বাচন করেন, এর অর্থ হল আপনি যখন একটি ফাইলের একাধিক কপি প্রিন্ট করেন, তখন প্রিন্টার প্রতিটি অনুলিপির জন্য পৃষ্ঠাগুলিকে ক্রমানুসারে সাজিয়ে রাখবে। উদাহরণস্বরূপ, যদি আপনি একটি ৫-পৃষ্ঠার ফাইলের তিনটি কপি প্রিন্ট করেন, তাহলে প্রিন্টার প্রথম কপির জন্য ১ থেকে ৫ পৃষ্ঠা, তারপর দ্বিতীয় কপির জন্য ১ থেকে ৫ পৃষ্ঠাগুলি প্রিন্ট করবে। এই ব্যবস্থাটি পৃষ্ঠাগুলিকে ম্যানুয়ালি বাছাই না করে মুদ্রিত অনুলিপিগুলিকে সংগঠিত করা সহজ করে তোলে।

আনকোলেটেড প্রিন্টিং: অন্যদিকে, আনকোলেটেড প্রিন্টিং মানে হল প্রিন্টার পৃষ্ঠাগুলোকে ক্রমানুসারে সাজিয়ে না রেখে নথির প্রতিটি কপি আলাদাভাবে প্রিন্ট করবে। উপরের মতো একই উদাহরণ ব্যবহার করে, আপনি যদি আনকোলেটেড প্রিন্টিং নির্বাচন করেন, তাহলে প্রিন্টার প্রথমে প্রথম প্রিন্টের জন্য সমস্ত পৃষ্ঠা, তারপর দ্বিতীয় প্রিন্টের জন্য সমস্ত পৃষ্ঠা প্রিন্ট করবে। এর ফলে প্রতিটি অনুলিপির জন্য পৃষ্ঠাগুলো সেট তৈরি হয় যা পরে ম্যানুয়ালি সাজানো বা সংযোজিত করা প্রয়োজন হবে।

৩. প্রেজেন্টেশন স্লাইড প্রিন্ট করার পদ্ধতি লিখ।

Presentation এ প্রিন্টার সেটিংস অ্যাক্সেস করতে, এই পদক্ষেপগুলি অনুসরণ করতে হবে:

১. প্রথমে যে ফাইলটি প্রিন্ট করতে চায় প্রথমে তা খুলতে হবে।
২. স্ক্রিনের উপরের বাম কোণে "ফাইল" ট্যাবে ক্লিক করতে হবে।
৩. বামদিকের মেনুতে "প্রিন্ট" অপশনে ক্লিক করতে হবে।
৪. "প্রিন্টার" সেকশনে, ডাউন-ডাউন মেনু থেকে যে প্রিন্টারটি ব্যবহার করতে চায় সেটি নির্বাচন করতে হবে।
৫. যদি অন্য কোনো প্রিন্টার সেটিংস পরিবর্তন করতে চায়, তাহলে প্রিন্টারের সেটিংস উইন্ডো খুলতে "প্রিন্টার প্রোপারটিজ" এ ক্লিক করতে হবে।
৬. প্রিন্টার সেটিংস উইন্ডোতে, পেপার সাইজ, প্রিন্টিং কোয়ালিটি, ডুপ্লেক্স প্রিন্টিং এবং আরও বিভিন্ন সেটিংস প্রয়োজন অনুযায়ী অ্যাডজাস্ট করে নিতে হবে।
৭. নির্বাচিত সেটিংস সহ প্রিন্টারে ডকুমেন্ট পাঠাতে "প্রিন্ট" বাটনে ক্লিক করতে হবে।

রেফারেন্স

১. http://medbox.iiab.me/kiwix/wikipedia_bn_all_maxi_2020-01/A/%E0%A6%86%E0%A6%B0%E0%A6%97%E0%A7%8B%E0%A6%A8%E0%A7%8B%E0%A6%AE%E0%A6%BF%E0%A6%95%E0%A6%B8
২. <https://www.capuncless.ga/products.aspx?cname=correct+ergonomic+posture+computer&cid=10&xi=1&xc=19&pr=73.99>

দক্ষতা পর্যালোচনা

প্রশিক্ষনার্থীর জন্য নির্দেশনা: প্রশিক্ষনার্থী নিম্নোক্ত দক্ষতা প্রমাণ করতে সক্ষম হলে নিজেই কর্ম দক্ষতা মূল্যায়ন করবে এবং সক্ষম হলে হ্যাঁ বোধক ঘরে টিক চিহ্ন দেবে।		
কর্ম দক্ষতা মূল্যায়নের মানদণ্ড	হ্যাঁ	না
১ কর্মক্ষেত্রের পদ্ধতি অনুসারে নিরাপদ কর্ম অনুশীলন অনুসরণ করতে সক্ষম হয়েছে		
২ প্রয়োজনীয় সফটওয়্যার চেক এবং কাজের প্রয়োজন অনুযায়ী কার্যকারিতা নিশ্চিত করতে সক্ষম হয়েছে		
৩ প্রেজেন্টেশন প্রস্তুত করার জন্য প্রেজেন্টেশনের ধরন চিহ্নিত করতে সক্ষম হয়েছে		
৪ প্রয়োজন অনুযায়ী ব্লাঙ্ক/ লাইব্রেরী থেকে প্রেজেন্টেশন তৈরি করতে সক্ষম হয়েছে		
৫ প্রেজেন্টেশন ইন্টারফেসের কনটেন্ট চিহ্নিত করতে সক্ষম হয়েছে		
৬ প্রয়োজন অনুযায়ী স্লাইড সাইজ নির্বাচিত করতে সক্ষম হয়েছে		
৭ প্রয়োজন অনুযায়ী নির্দিষ্ট লে-আউটে স্লাইড ইনসার্ট করতে সক্ষম হয়েছে		
৮ প্রেজেন্টেশন অনুযায়ী কনটেন্ট ইনসার্ট করতে সক্ষম হয়েছে		
৯ নির্দেশনা অনুযায়ী উপযুক্ত ফাইল ফরম্যাটে নির্দিষ্ট লোকেশনে প্রেজেন্টেশন সেভ করতে সক্ষম হয়েছে		
১০ প্রেজেন্টেশন ভিউসহ স্লাইডগুলো চেক করতে সক্ষম হয়েছে		
১১ স্লাইড ব্যাকগ্রাউন্ড কাস্টমাইজেশন করতে সক্ষম হয়েছে		
১২ অ্যানিমেশন প্রয়োগ করতে সক্ষম হয়েছে		
১৩ ট্রানজিশন প্রয়োগ করতে সক্ষম হয়েছে		
১৪ প্রেজেন্টেশন চেক/ রিভিউ করতে সক্ষম হয়েছে		
১৫ স্লাইড মাস্টার থেকে স্লাইড লে-আউট নির্বাচন করতে সক্ষম হয়েছে		
১৬ প্রয়োজন অনুযায়ী স্লাইড লে-আউট কাস্টমাইজ করতে সক্ষম হয়েছে		
১৭ প্রয়োজন অনুযায়ী স্লাইড মাস্টার অপশন প্রয়োগ করতে সক্ষম হয়েছে		
১৮ মাস্টার ভিউ ক্লোজ করতে সক্ষম হয়েছে		
১৯ প্রিন্টার সেটিংস নিশ্চিত এবং প্রিন্টার নির্বাচন করতে সক্ষম হয়েছে		
২০ প্রেজেন্টেশন স্লাইড প্রিন্ট করতে সক্ষম হয়েছে		
২১ স্টোরেজ মিডিয়া ব্যবহার করে ডকুমেন্ট ট্রান্সফার করতে সক্ষম হয়েছে		

২২ প্রেজেন্টেশন এর জন্য উপযুক্ত প্রিন্ট ফরম্যাট নির্বাচন করতে সক্ষম হয়েছে		
২৩ প্রত্যাশিত ফরম্যাট অনুযায়ী প্রেজেন্টেশন এক্সপোর্ট করতে সক্ষম হয়েছে		

আমি (প্রশিক্ষার্থী) এখন আমার আনুষ্ঠানিক যোগ্যতা মূল্যায়ন করতে নিজেকে প্রস্তুত বোধ করছি।

স্বাক্ষর ও তারিখ:

প্রশিক্ষকের স্বাক্ষর ও তারিখ:

কম্পিউটার্সি বেসড ট্রেইনিং অ্যান্ড অ্যাসেসমেন্ট (CBT&A) মেথডোলজি (লেভেল-৪) অকুপেশনের মডিউল “প্রশিক্ষণ এবং অ্যাসেসমেন্টে আইসিটি সুযোগ-সুবিধা প্রয়োগ করা” এর ২৪ মে ২০২৩ তারিখে অনুষ্ঠিত ভেলিডেশন ওয়ার্কশপে অংশগ্রহণকারী বিশেষজ্ঞগণের তালিকাঃ

ক্রমিক নং	অংশগ্রহণকারী নাম	পদবী ও প্রতিষ্ঠানের নাম	মোবাইল নং ও ইমেইল
১.			
২.			
৩.			
৪.			
৫.			
৬.			
৭.			